বিসমিল্লাহির রাহমানির রাহিম

এম.ফিল. ডিগ্রীর জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে উপস্থাপিত অভিসন্দর্ভ

শিরোনাম - ফররুখ আহমদঃ তাঁর কবিতায় আরবী শব্দ ও ইসলামী পরিভাষা।

গবেষণা তত্ত্বাবধায়কঃ ড. এটিএম ফখরুদ্দীন
অধ্যাপক
আরবী বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা -১০০০।

448921

ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার

GIFT

Dhaka University Library
448921

গবেষকঃ মোঃ মিজানুর রহমান
এম.ফিল. গবেষক,
আরবী বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়।

শিক্ষাবর্ষঃ ২০০১-২০০২

রেজিঃনং-৪৯

বিসমিল্লাহির রাহমানির রাহিম

ঘোষণাপত্র

আমি নিম্ন স্বাক্ষরকারী এ মর্মে ঘোষণা করছি যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরবী বিভাগে এম.ফিল. ডিগ্রীর জন্য উপস্থাপিত " ফররুখ আহমদঃ তাঁর কবিতায় আরবী শব্দ ও ইসলামী পরিভাষা" শীর্ষক আমার বর্তমান অভিসন্দর্ভটি পূর্ণ অথবা আংশিকভাবে কোথাও প্রকাশ বা কোন প্রতিষ্ঠানে অথবা বিশ্ববিদ্যালয়ে কোন ডিগ্রীর জন্য উপস্থাপন করিনি। এটি আমার মৌলিক ও একক গবেষণা কর্ম।

M.M.Rahman

(মোঃ মিজানুর রহমান)
এম.ফিল. গবেষক,
আরবী বিভাগ,
ঢাকা বিশ্ববিদ্যালয়,
ঢাকা - ১০০০, বাংলাদেশ।

৫৫৪৭৭১

ঢাকা
বিশ্ববিদ্যালয়
গ্রন্থাগার

Dhaka University Institutional Repository

বিসমিল্লাহির রাহমানির রাহিম

প্রত্যয়নপত্র

প্রত্যয়ন করা যাচ্ছে যে, আরবী বিভাগের এম.ফিল. গবেষক জনাব মোঃ মিজানুর রহমান কর্তৃক এম. ফিল. ডিগ্রির জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে দাখিলকৃত "ফররুখ আহমদঃ তাঁর কবিতায় আরবী শব্দ ও ইসলামী পরিভাষা" শীর্ষক অভিসন্দর্ভটি আমার প্রত্যক্ষ তত্ত্বাবধানে প্রনয়ণ করা হয়েছে। এটি একটি মৌলিক গবেষণা কর্ম। আমার জানামতে ইতোপূর্বে কোথাও এবং কোন ভাষাতেই এ শিরোনামে এম.ফিল. ডিগ্রী লাভের উদ্দেশ্যে কোন গবেষণা কর্ম সম্পাদিত হয়নি। আমি এ গবেষণা অভিসন্দর্ভটির চূড়ান্ত কপি আদ্যন্ত পাঠ করেছি এবং এম.ফিল. ডিগ্রী লাভের উদ্দেশ্যে দাখিল করার জন্য অনুমোদন করছি।

ড. এটিএম ফখরুদ্দীন
গবেষণা তত্ত্বাবধায়ক
ও অধ্যাপক
আরবী বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা - ১০০০।

৪৪৪৭৭
ঢাকা
বিশ্ববিদ্যালয়
গ্রন্থাগার

Dhaka University Institutional Repository

কৃতজ্ঞতা স্বীকার

সর্বপ্রথম মহান আল্লাহ রাব্বুল আলামিনের দরবারে লক্ষ-কোটি শোকর আদায় করছি, যিনি নানা প্রতিবন্ধকতার মধ্যে ইসলামী রেনেসাঁর কবি ফররুখ আহমদের জীবন ও কর্মের উপর কাজ করার তওফিক দান করেছেন। এই গবেষণা কর্মে যাদের অসামান্য অবদানের কথা কৃতজ্ঞ চিত্তে স্মরণ করছি তাঁরা হলেন - আমার শ্রদ্ধেয় শিক্ষক আরবী বিভাগের সাবেক চেয়ারম্যান মরহুম ড. মোঃ নূরুল হক, যিনি আমার গবেষণা কর্মের তত্ত্বাবধায়ক হয়ে আমাকে উৎসাহিত করেছিলেন; আল্লাহ তাঁকে জান্নাতুল ফিরদাউস নসীব করুন। ড. মোঃ নূরুল হক স্যারের দীর্ঘ অসুস্থতা ও ইন্তেকালের পর চরম অনিশ্চয়তার মধ্যে যিনি গবেষণা কর্ম চালিয়ে যাওয়ার জন্য সহযোগিতার হাত প্রসারিত করেন, তিনি আরবী বিভাগেরই আমার আরেক শ্রদ্ধেয় শিক্ষক ড. এটিএম ফখরুদ্দীন; তাঁর অসামান্য সহযোগিতার ফলে আজ গবেষণা কর্মের পূর্ণতা প্রাপ্তি। শত ব্যস্ততা সত্ত্বেও তিনি আমার গবেষণা কাজে নানা রকম উপদেশ ও দিকনির্দেশনা প্রদান করেছেন। সর্বোপরি, ব্যক্তিগতভাবে আমার নানা প্রতিকূলতার সময়ও গবেষণা কাজ ত্বরান্বিত করার জন্য স্যার আমাকে উপদেশ দিয়েছেন। আমার গবেষণা কর্মে যিনি পরামর্শ ও উৎসাহ যুগিয়ে সহযোগিতা করেছেন, তিনি হলেন আমার আরেক শ্রদ্ধেয় শিক্ষক, আরবী বিভাগের বর্তমান চেয়ারম্যান অধ্যাপক ড. এবিএম সিদ্দিকুর রহমান নিজামী। আমি কৃতজ্ঞ আরবী বিভাগের অবসর প্রাপ্ত অধ্যাপক ও ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য আমার শ্রদ্ধেয় শিক্ষক ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান স্যারের কাছে : গবেষণা কর্মে যাদের সহযোগিতার কথা বিশেষভাবে উলেখযোগ্য তাঁরা হলেন - আরবী বিভাগের সাবেক চেয়ারম্যান ও আমার শ্রদ্ধেয় শিক্ষক, অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুল মা'বুদ, বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক আবুল কাশেম ফজলুল হক, কলেজ অব ফাইন্যান্স এন্ড ম্যানেজমেন্টের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও আন্তর্জাতিক মানবাধিকার ব্যক্তিত্ব ড. কামরুল আহসান, প্রতিষ্ঠাতা অধ্যক্ষ ও বিকেএসপির সাবেক মহাপরিচালক লেঃ কর্ণেল এম. এ. লতিফ (অবঃ), পরিচালক একাডেমিক লেঃ কমান্ডার এ কে এম নূরুল হক (অবঃ), পরিচালক ভাষা শিক্ষা জনাব কাজী মোহাম্মদ বায়েজীদ ও ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রন্থাগারের উপ-গ্রন্থাগারিক (সাময়িকী শাখা) জনাব মোঃ মইজ উদ্দিন খান, সহকারী গ্রন্থাগারিক মরহুম সৈয়দ আব্দুর রশীদ, সেকশন অফিসার জনাব মোঃ আমান উল্লাহ। বিভিন্ন তথ্য ও উপাত্ত দিয়ে সহযোগিতা করেছেন - ফররুখ একাডেমী, ঢাকা - এর সম্মানিত সভাপতি অধ্যাপক মুহম্মদ মতিউর রহমান, কবিপুত্র ও বাংলাদেশ সংবাদ সংস্থার কর্মকর্তা জনাব আহমদ আখতার (সৈয়দ মুহাম্মদ আখতারুজ্জামান), প্রবীণ সাংবাদিক ও গবেষক জনাব মোহাম্মদ মাহফুজুলাহ, কবি ও ফোকলোর গবেষক এবং বাংলা একাডেমীর সাবেক মহাপরিচালক ড. আশরাফ সিদ্দিকী, মাসিক মদীনা সম্পাদক ও বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ মাওলানা মহিউদ্দীন খান, সাহিত্যিক ও সাংবাদিক সৈয়দ আবুল মকসুদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. সিরাজুল ইসলাম চৌধুরী। গবেষণা কাজে উৎসাহ প্রদানের জন্য যাদের কাছে আমি কৃতজ্ঞ তাঁরা হলেন - আরবী বিভাগের সহকারী অধ্যাপক বন্ধুবর জনাব মোঃ রুহুল আমিন, অর্থনীতি বিভাগের প্রভাষক বন্ধু জনাব মোহাম্মদ শাহাদত হোসাইন সিদ্দিকী, বিশ্ব ধর্মতত্ত্ব বিভাগের প্রভাষক বন্ধু জনাব আব্দুলাহ আল মাহমুদ, স্নেহের ছোট ভাই শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগের প্রভাষক জনাব মোহাম্মদ সাজ্জাদ হোসাইন সিদ্দিকী, অর্থনীতি বিভাগের প্রভাষক ও ছোট ভাই মীর নাহিদ মাহমুদ ও আমার সহধর্মীনী লায়লা আঞ্জুমান আরা বেগম। গবেষণা কর্মে ব্যস্ত থাকায় আমার শ্রদ্ধেয় আব্বা ও আম্মার খোঁজ-খবর নেয়া সম্ভব হয়নি। তাছাড়া কর্মব্যস্ত থাকায় আমার স্নেহের শিশু কন্যা মারদিয়া রাহমান মানহাকে প্রায়ই পিতৃস্নেহ থেকে বঞ্চিত করেছি।

Dhaka University Institutional Repository

সূচীপত্র

	পৃষ্ঠা
ঘোষণাপত্র	২
প্রত্যয়নপত্র	৩
কৃতজ্ঞতা স্বীকার	৪
সূচীপত্র	৫
ভূমিকা	৬
প্রথম অধ্যায় ঃ জীবনী	৭
প্রথম পরিচ্ছেদ - জন্ম ও বংশ পরিচয়।	
দ্বিতীয় পরিচ্ছেদ - শৈশব, কৈশোর ও শিক্ষা জীবন।	
তৃতীয় পরিচ্ছেদ - কর্ম জীবন।	
চতুর্থ পরিচ্ছেদ - পারিবারিক জীবন।	
পঞ্চম পরিচ্ছেদ - শেষ বয়স ও মৃত্যু।	
দ্বিতীয় অধ্যায় ঃ কাব্য রচনা ।	১৫
প্রথম পরিচ্ছেদ - প্রাথমিক পর্যায়ে রচিত কবিতা।	
দ্বিতীয় পরিচ্ছেদ - ইসলামী পরিভাষায় কবিতা রচনা শুরু।	
তৃতীয় পরিচ্ছেদ - অনুপ্রেরণাদায়ক কবিতা রচনা।	
চতুর্থ পরিচ্ছেদ - অনুবাদ ধর্মী কবিতা।	
তৃতীয় অধ্যায় ঃ ফররুখ কাব্যে ইসলামী পরিভাষা।	২৪
প্রথম পরিচ্ছেদ - পরিভাষা বলতে যা বুঝায়।	
দ্বিতীয় পরিচ্ছেদ - সাতসাগরের মাঝির আলোকে।	
তৃতীয় পরিচ্ছেদ - কাফেলার আলোকে।	
চতুর্থ পরিচ্ছেদ - সিরাজাম মুনিরার আলোকে।	
পঞ্চম পরিচ্ছেদ - সার্বিক সাহিত্যের আলোকে।	
চতুর্থ অধ্যায় ঃ ফররুখ কাব্যে আরবী শব্দের প্রয়োগ।	৩৩
পঞ্চম অধ্যায় ঃ উপসংহার।	১৯২
গ্রন্থপঞ্জি	১৯৩

Dhaka University Institutional Repository

ভূমিকাঃ বৃটিশ ঔপনিবেশিক শাসনের ফলে উপমহাদেশের মুসলিম জনগোষ্ঠীর জীবনে অমানিশার অন্ধকার নেমে আসে। তখন তাদের দিশারী বলতে কেউই ছিল না। পরাধীনতার গানি তাদেরকে নিঃশেষ করে দিচ্ছিল। আর উপমহাদেশের গোটা মুসলিম জনগোষ্ঠী হয়ে পড়ে দিশেহারা। জাতির এ চরম ক্রান্তিকালে উপমহাদেশের ভাগ্যাকাশে যে ক'জন দিশারীর উদয় হয়েছিল ফররুখ আহমদ তাদের মধ্যে অন্যতম। সাহিত্য সাধনার মাধ্যমে তিনি মুসলিম পুণঃজাগরণে অগ্রণী ভূমিকা পালন করেন। তাই তাকে মুসলিম রেঁনেসাঁর কবি হিসেবে আখ্যায়িত করা হয়। ইসলামের অর্ন্তনিহিত ভাব ও সৌন্দর্যকে তিনি তাঁর অনিন্দ্য সুন্দর কবিতায় রূপায়িত করে মুসলিম জাতিকে মুগ্ধ করেছেন। ইসলামী স্বর্ণালী যুগে যারা দৃঢ়তা , ন্যায়নিষ্ঠা এবং সততার সাথে রাষ্ট্র পরিচালনা করেছেন তাঁদের জীবনের বিভিন্ন দিক নিয়ে তিনি অনুপ্রেরণাদায়ক কবিতা রচনা করেছেন।ইসলামের নবী হযরত মুহাম্মদ (সাঃ) সহ মুসলিম জাহানের বিভিন্ন সময়কালের মনীষীদের জীবনাচরণ, তাঁদের কর্ম তৎপরতা এবং ব্যক্তিত্বের বিশালত্ব তাঁর লেখনীর অন্যতম উপজীব্য। তিনি ইসলামী পরিভাষাকে তাঁর কাব্য রচনার অন্যতম উপজীব্য হিসেবে গ্রহণ করেছিলেন। তাছাড়া আরবী ভাষার বিভিন্ন শব্দ ব্যবহার করে তাঁর কবিতাকে বৈচিত্র্যমন্ডিত করেছেন।

নিচের কবিতার চরণগুলো এর প্রকৃষ্ট উদাহরণঃ

হারা সম্বিত ফিরে দিতে বুকে তুমি আনো প্রিয় আবহায়াত,
জানি সিরাজামমুনীরা তোমার রশ্মিতে জাগে কোটি প্রভাত।
তব বিদ্যুৎ কণা-স্ফুলিঙ্গে লুকানো রয়েছে লক্ষ দিন;
তোমার আলোয় জাগে সিদ্দিক, জিন্নুরাইন, আলী নবীন।

তিনি অধিকাংশ ক্ষেত্রে রূপক শব্দ ব্যবহার করেছেন। অপরাপর কবিতার ন্যায় তাঁর "পাঞ্জেরী" শীর্ষক কবিতায় ইসলামী পরিভাষার রূপকার্থের ব্যবহার বহুল পরিমানে লক্ষ্য করা যায়।

নিচের কবিতাংশটুকুতে তা স্পষ্ট হয়ে উঠেছে ঃ

পথহারা এই দরিয়া-সোঁতায় ঘুরে
চলেছি কোথায় ? কোন সীমাহীন দূরে?
তুমি মাস্তুলে, আমি দাঁড় টানি ভুলে;
একাকী রাতের শূন জুলমাত হেরি।
রাত পোহাবার কত দেরি পাঞ্জেরী?

বিশ্বমুসলিম ভ্রাতৃত্ব ও মানবতাবোধ তাঁর কবিতায় সাবলীলভাবে ফুটিয়ে তুলেছেন। ইসলামের হৃত গৌরব পুনঃউদ্ধারের প্রেরণা যুগিয়েছেন তাঁর কবিতার মাধ্যমে। এই কবিতায় ইসলামের জয়গান এবং মুসলিম জাতিকে ভালভাবে বেঁচে থাকার আহ্বান ধ্বনিত হয়েছে। তাই প্রকৃত মুসলিমদের কাছে তিনি চিরস্মরণীয় এবং বরণীয় হয়ে আছেন। তিনি ইসলামী সাহিত্য রচনার পাশাপাশি বাংলা সাহিত্যকে করেছেন সমৃদ্ধ। তাঁর জীবন ও কর্মের উপর ব্যাপক গবেষণার অবকাশ রয়েছে। তাছাড়া তিনি যেহেতু মুসলিম রেঁনেসাঁর কবি তাই তাঁর কবিতায় ইসলামী পরিভাষার প্রতিফলন ঘটেছে প্রবলভাবে। বাংলা সাহিত্যের ইতিহাসে এই সাহিত্যিকের কীর্তি স্বর্ণাক্ষরে লেখা থাকবে। তিনি একজন প্রথিতযশা কবি হিসেবে সর্বমহলে স্বীকৃত। তাঁর ধর্মীয় চেতনা সমৃদ্ধ সাহিত্য কর্ম বাংলা সাহিত্যের ক্ষেত্রে এক নতুন মাত্রা যোগ করেছে। তাছাড়া তিনি প্রায় প্রতিটি কবিতায়ই আরবী শব্দের যথাযোগ্য ব্যবহারের মাধ্যমে বাংলা সাহিত্যকে সুসমৃদ্ধ করেছেন। বাংলা সাহিত্যের মৌলিক উন্নয়নের স্বার্থেই তাঁর রচিত কবিতার উপর গবেষণা করার প্রয়োজন রয়েছে। তাঁর সামগ্রিক সাহিত্য কর্মে ইসলামী পরিভাষাকে কতটুকু ব্যবহার করা হয়েছে তা আমাদের জানা একান্ত প্রয়োজন। এ ধরণের গবেষণার মাধ্যমে বাংলা সাহিত্য উপকৃত হবে এবং এ সাহিত্য নতুন গতি লাভ করবে।

Dhaka University Institutional Repository

তাছাড়া আরবী সাহিত্যের সাথে সংশিষ্ট পাঠক-পাঠিকাবৃন্দও এ গবেষণা কর্ম থেকে উপকৃত হবে এবং কবি ফররুখ আহমদের প্রকৃত কবিরূপ তাঁদের কাছে পরিস্ফুট হবে। কবি ফররুখ আহমদ তাঁর কবিতায় ইসলামী পরিভাষার ব্যাপক ব্যবহার করেছেন। তিনি বাংলা সাহিত্যে ইসলামী পরিভাষা ব্যবহারের যে অপূর্ব দৃষ্টান্ত স্থাপন করেছেন তাতে বাংলা সাহিত্যে এক নবযুগের সূচনা হয়েছে। কোন ভাষার সাহিত্যের সংখ্যাগরিষ্ঠ ভাষাভাষী যে ধর্ম ও দর্শনের সাথে সংশিষ্ট সেই ধর্ম ও দর্শনের আলোকেই উক্ত ভাষার সাহিত্য রচিত হওয়া সমীচীন। সেদিক থেকে বিবেচনা করলে ফররুখ আহমদ বাংলা সাহিত্যের এক অনন্য সাধারণ প্রতিভূ। তাঁর সৃজনশৈলী আমাদের সাহিত্য ক্ষেত্রে নতুন গতি সঞ্চার করেছে।

প্রথম অধ্যায় ঃ জীবনী।

প্রথম পরিচ্ছেদ - জন্ম ও বংশ পরিচয়।

কবির কাব্য বুঝতে হলে তাঁর জীবন, পরিবেশ এবং অভিজ্ঞতা সম্পর্কে অবহিত হওয়া প্রয়োজন। দুর্ভাগ্যবশত ফররুখ আহমদের জীবন সম্পর্কে তেমন তথ্যপূর্ণ বিস্তারিত বিবরণ জানা যায় না। এ ব্যাপারে কবি নিজে ছিলেন সম্পূর্ণ নিস্পৃহ। নিজের সম্পর্কে অন্য কারো কৌতুহলকেও তিনি সামান্যতম প্রশ্রয় দিতেন না। কবির ধারণা ছিল যে কবিতাই কবির জীবন। কবির চিন্তা, অভিজ্ঞতা ও জীবন-পরিমন্ডলই নানাভাবে পরিস্ফুট হয় কবিতায়। তাই আলাদাভাবে নিজের জীবন সম্পর্কে কিছু বলতে তাঁর মোটেই আগ্রহ ছিল না। কবির মৃত্যুর পর কবি-পরিবারের সদস্য এবং কবির ঘনিষ্ট বন্ধু-বান্ধব তাঁদের স্মৃতি- রোমন্থন করে যা কিছু লিপিবদ্ধ করেছেন কবির ঘনিষ্ট বন্ধু-বান্ধব তাঁদের স্মৃতি-রোমন্থন করে যা কিছু লিপিবদ্ধ করেছেন কবির ব্যক্তি জীবন সম্পর্কে জানার জন্য সেগুলোর উপর নির্ভর করা ছাড়া গত্যন্তর নেই।

যশোর জেলার (বর্তমান মাগুরা জেলার সদর উপজেলার) মাঝআইল গ্রামে ১৯১৮ সনের ১০ জুন কবি ফররুখ আহমদ জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম খান সাহেব সৈয়দ হাতেম আলী, মায়ের নাম রওশন আখতার জাহান। কবির পিতৃ প্রদত্ত নাম 'সৈয়দ ফররুখ আহমদ'। কিন্তু পরবর্তীতে কবি নিজেই 'সৈয়দ' শব্দটি পরিত্যাগ করেন।

দ্বিতীয় পরিচ্ছেদ - শৈশব, কৈশোর ও শিক্ষা জীবন।

শৈশবে ফররুখ আহমদ আনুমানিক দুই বৎসর গ্রামের দাদা সম্পর্কিত মোল্লাজী আব্দুস সামাদ নামের এক শিক্ষকের কাছে পড়াশোনা করেন। ১৯২৪ সনে কবির মা ইন্তেকাল করেন এবং তিনি দাদীর তত্ত্বাবধানে থাকেন। ১৯২৭ সনে কিশোর ফররুখ আহমদ তাঁর বড় ভাই এর সঙ্গে কলকাতা গমন করেন। সেখানে প্রথমে তালতলা মডেল স্কুল এবং পরবর্তীতে বালিগঞ্জ হাইস্কুলে পড়াশোনা করেন। কিন্তু জলবসন্তে আক্রান্ত হওয়ায় প্রথম বারের মত মেট্রিক পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হন। পরবর্তীতে ১৯৩৭ সনে খুলনা জেলা স্কুল থেকে পরীক্ষা দিয়ে প্রথম বিভাগে মেট্রিক পাশ করেন।

Dhaka University Institutional Repository

১৯৩৯ সনে কলকাতার রিপন কলেজ থেকে আই.এ. পাশ করেন। অতঃপর প্রথমে স্কটিশ চার্চ কলেজে দর্শন ও পরে সেন্ট পল কলেজে ইংরেজি সাহিত্যে অনার্স পড়ার জন্য ভর্তি হন; কিন্তু এ সময় বামপন্থি আন্দোলনের সাথে জড়িত হয়ে পড়ায় কবির পড়াশোনায় ভাটা পড়ে যায় এবং অনার্স পরীক্ষাও দেয়া হয়নি।

ফররুখ আহমদের পিতা খান সাহেব সৈয়দ হাতেম আলী একজন পুলিশ অফিসার ছিলেন। সৎ মানুষ হিসেবে তাঁর খ্যাতি ছিল। সৈয়দ হাতেম আলীর প্রথম স্ত্রী অর্থাৎ ফররুখ আহমদের মায়ের ইন্তেকালের পর তিনি দ্বিতীয় বিবাহ করেন। ফররুখ আহমদ প্রথম পক্ষের দ্বিতীয় পুত্র। তাঁরা তিন ভাই, দুই বোন ছিলেন। বড় বোন সৈয়দা শরফুন আরা, ছোট বোন সৈয়দা মোকাদ্দেসা খাতুন, বড় ভাই সৈয়দ সিদ্দিক আহমদ, ছোট ভাই সৈয়দ মুশির আহমদ। পরপর তিন কন্যা সন্তানের জন্মের পর ফররুখ আহমদের জন্ম। ফলে তিনি ছিলেন বাবা-মায়ের একান্ত আদরের সন্তান। পূর্বেই উলেখ করা হয়েছে যে, মায়ের মৃত্যুর পর কবির শৈশব কেটেছে প্রধানত তাঁর দাদির কাছে। দাদি ছিলেন জমিদার কন্যা, জ্ঞানী, শিক্ষিতা ও দীর্ঘজীবি মহিলা। এ প্রসঙ্গে কবি-কন্যা সাইয়্যেদা ইয়াসমিন বানু তাঁর স্মৃতিচারণে উলেখ করেছেন ঃ " কবি শৈশব ও কৈশোরে তাঁর দাদির কাছ থেকে শুনতেন 'তাজক্বেরাতুল আউলিয়া' এবং 'কাসাসুল আম্বিয়া' পুঁথির কাহিনী। এভাবে শৈশবে দাদির কোল থেকেই পুঁথির সাথে ফররুখ আহমদের পরিচয় এবং শিক্ষার হাতেখড়ি হয়েছিল।"

গৃহে আরবি, ফারসি ও কিছুটা ধর্মীয় শিক্ষা লাভের পর ফররুখ আহমদ কলকাতার মডেল এম.ই. স্কুলে ভর্তি হন। স্কুলটি সম্পর্কে কবির ছোট ভাই এর সহপাঠী এবং কবির স্নেহধন্য পটুয়া কামরুল হাসান তাঁর স্মৃতিচারণে উলেখ করেন-" স্কুলটির নামও ছিল 'মডেল এম.ই. স্কুল; কলকাতায় মডেল স্কুল নামেই স্কুলটি পরিচিত ছিল। কলকাতায় তালতলা এলাকায় ইউরোপীয়ান এসাইলাম লেন-এ এক বিরাট জমিদার বাড়িতে এ স্কুলটি ছির। আমাদের মডেল স্কুলের সাথেই ছিল নর্মাল ট্রেনিং স্কুল। রবীন্দ্রনাথ এই স্কুলের গ্যালারীতে বসে পা দুলিয়ে লিখেছিলেনঃ ' কাল যাবো খুলনায়, তাতে কোন ভুল নাই', জানি না এর ঐতিহাসিক সত্যতা কতখানি। তবে রবীন্দ্রনাথ যে এই স্কুলের ছাত্র ছিলেন এবং তিনি যে এই গ্যালারীতে বসতেন তাতে কোন বিতর্কের অবকাশ নেই।"

ফররুখ আহমদ ঠিক কখন থেকে কাব্য-চর্চা শুরু করেন বা কখন থেকে তাঁর প্রতিভার উন্মেষ ঘটে সে সম্পর্কে সঠিক কোন তথ্য জানা যায় না। এ সম্পর্কে কবি-সমালোচক ও ফররুখ-গবেষক-মোহাম্মদ মাহফুজউলাহ্ যেটুকু উলেখ করেছেন প্রসঙ্গত তার উদৃত করা হলো :

"ফররুখ আহমদ কলকাতার তালতলা মডেল স্কুলে ও বালিগঞ্জ হাইস্কুলে একসময় পড়াশোনা করলেও তিনি প্রবেশিকা পরীক্ষা দেন খুলনা জেলা স্কুল থেকে, ১৯৩৭ সালে। তাঁর শিক্ষক ছিলেন কবি গোলাম মোস্তফা, প্রখ্যাত সাহিত্যিক আবুল ফজল এবং 'কথিকা', 'মাস্টার সাহেব' প্রভৃতি গ্রন্থ- প্রণেতা 'বিদায় হজ্জ' কবিতার লেখক আবুল হাশেম। কবি আবুল হাশেমের কাছ থেকে যে তথ্য পাওয়া গেছে, তাতে মনে হয় ফররুখ আহমদের প্রথম কবিতা ছাপা হয় সম্ভবত খুলনা জেলা স্কুল ম্যাগাজিনে। অশীতিপর বৃদ্ধ কবি আবুল হাশেম তাঁর এককালের মেধাবী ছাত্র কবি ফররুখ আহমদের স্মৃতিচারণ করতে গিয়ে এই কথা জানিয়েছেন। তিনি আরও বলেছেন যে, তাঁর 'কথিকা' কাব্য গ্রন্থের অন্তর্গত 'হাতেম তাঈ' শীর্ষক দীর্ঘ কবিতা পাঠ করে সেই স্কুল জীবনেই ফররুখ আহমদ সপ্রশংস হন এবং এ বিষয়ে ভবিষ্যতে কাহিনী কাব্য লেখার সংকল্প প্রকাশ করেন। হয়তো সেই সংকল্পেরই সৃষ্টি ফররুখ আহমদের ' হাতেম তা'য়ী'।"

কবি-সমালোচক মোহাম্মদ মাহফুজউলাহ আরো উলেখ করেছেন ঃ "বুদ্ধদেব বসু , প্রমথনাথ বিশী, বিষ্ণু দে, এঁরা ছিলেন ফররুখ আহমদের কলেজ জীবনের শিক্ষক। মেধাবী ছাত্র ও প্রাতভাবান কবি হিসেবে তিনি ছিলেন এঁদের প্রিয়পাত্র। অসাধারণ প্রতিভার অধিকারী বলে ফররুখ আহমদকেও নাকি সেসময়ে 'দ্বিতীয় আশুতোষ' বলে আখ্যায়িত করতো। তাঁর সহপাঠীদের মধ্যে ছিলেন সত্যজিৎ রায়, ফতেহ লোহানী।"

Dhaka University Institutional Repository

যে ঘটনার মাধ্যমে অধ্যাপক প্রমথনাথ বিশী ও বুদ্ধদেব বসু তাঁদের প্রিয় ছাত্র ফররুখ আহমদের কবি-প্রতিভা আবিষ্কার করেন তা অনেকটা কৌতুকপ্রদ। মোহাম্মদ মাহফুজউল্লাহর বিবরণীতে এখানে সে ঘটনাটির উল্লেখ করছিঃ

"ফররুখ আহমদ তখন আর্দির দামী পাঞ্জাবী ও ধুতিও পরতেন। একদিন বৃষ্টিতে ভিজে, ধুতি-পাঞ্জাবীতে রাস্তার কাদা মাখিয়ে তিনি কলেজের ক্লাশে এসে হাজির হন। পরণের কাপড় ভেজা ও কর্দমাক্ত ছিল বলে তিনি গিয়ে বসেন একেবারে পেছনের বেঞ্চিতে। সেখানেই বসে সবার অলক্ষ্যে তিনি একটি খাতায় কবিতা লিখতে শুরু করেন। ক্লাশ নিচ্ছিলেন প্রখ্যাত সাহিত্যিক প্রমথনাথ বিশী। আচমকা তাঁর দৃষ্টি যায় ফররুখ আহমদের দিকে। তিনি চেয়ার ছেড়ে বক্তৃতা-মঞ্চ থেকে নেমে ধীর পায়ে এগিয়ে যান ফররুখ আহমদের কাছে। অধ্যাপককে দেখে ফররুখ আহমদ খাতাটি লুকানোর চেষ্টা করেন। কিন্তু প্রমথনাথ বিশীর সন্ধানী দৃষ্টিতে ধরা পড়ে একজন নবীন কবির কাব্য-প্রয়াস। ঐ খাতায় লেখা ফররুখ আহমদের কয়েকটি সনেট পড়ে তিনি বিস্ময়-বিমুগ্ধ হন এবং টিচার্স কমনরুমে গিয়ে অন্যান্য অধ্যাপকদের কবিতাগুলো নাকি আবৃতি করে শোনান। অভিভূত কণ্ঠে অধ্যাপক বিশী বলেন যে, তিনি একজন তরুণ শেক্সপীয়রকে আবিষ্কার করেছেন। বুদ্ধদেব বসু অধ্যাপক বিশীর কাছ থেকে ফররুখ আহমদের কবিতার খাতাটি চেয়ে নিয়ে যান এবং সেখান থেকে কয়েকটি কবিতা তাঁর বিখ্যাত 'কবিতা' পত্রিকায় প্রকাশ করেন।"

এ সময়কার কথা বলতে গিয়ে কবির ঘনিষ্ঠ আত্মীয় ও জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকী লিখেছেন: "ফররুখের প্রবণতা গেল কবিতার দিকে। তার কলেজ বয়সে কবিতা তাকে এমনভাবে পেয়ে বসল যে, একজন মেধাবী ছাত্র হারিয়ে গেল কবিতার তোড়ে। বালিগঞ্জ সরকারী স্কুলে ক্লাশের ফার্স্টবয় ফররুখের এই পরিণতির কথা বলতে গিয়ে দীর্ঘশ্বাস ফেলতে দেখেছি আব্বাকে ও সে স্কুলের হেড মাস্টার কবি গোলাম মোস্তফাকে।"

কলেজেও আঝেন, কবিতাও লিখছেন, রাজনীতির গোপন গলিতেও চলাফেরা হচ্ছে, হাতে সেতার, পরণে শৌখিন ধুতি-পাঞ্জবী উনিশ বিশ বছরের এই ফররুখ আহমদকে একবার দেখেছিলাম তাদের যাদবপুরের বাড়িতে।"

কলেজে অধ্যয়নরত অবস্থায় ফররুখ আহমদের কবি-খ্যাতি ছড়িয়ে পড়ে এবং কবি হিসেবে তিনি মোটামুটি স্বীকৃতিও লাভ করেন। সে সময়কার পত্র-পত্রিকায় তাঁর কবিতা ছাপা হতে থাকে। এ সময়কার কথা বলতে গিয়ে বিশিষ্ট কবি ও লোকবিজ্ঞানী ডক্টর আশরাফ সিদ্দিকী তাঁর স্মৃতি কথায় লিখেছেনঃ "আমার সঙ্গে যখন তাঁর (ফররুখ আহমদ) দেখা হয়েছে তখন তিনি যাদবপুর তাদের নিজের তৈরী বাড়িতে থাকেন; বাড়ীর নাম দিয়েছিলেন 'অলোকপুরী'। সে যুগের আধা গ্রাম্য ধূলি-ধূসরিত ছায়া-ঢাকা পাখি-ডাকা এই যাদবপুরে নাকি তাঁর পড়া আর কাব্য-সাধনা চলতো গভীর রাত পর্যন্ত। আরও শোনলাম তিনি স্কটিশ চার্চ কলেজে পড়তেন। বিষ্ণু দে, প্রমথনাথ বিশী, বুদ্ধদেব বসু ও প্রেমেন্দ্র মিত্রও নাকি তাঁর কবিতা পছন্দ করেন। তাঁর কবিতা ছাপা হয় শুধু 'মোহাম্মদী' আর 'সওগাতে' নয় 'দেশ' 'চতুরঙ্গ' 'অরণী' 'কবিতা' 'পরিচয়' ইত্যাদি প্রায় সবগুলি প্রথম শ্রেণীর পত্রিকায়।"

তৃতীয় পরিচ্ছেদ - কর্ম জীবন।

Dhaka University Institutional Repository

ফররুখ আহমদের কর্ম জীবন সম্পর্কে আব্দুল মান্নান সৈয়দ সম্পাদিত 'ফররুখ আহমদের শ্রেষ্ঠ কবিতা' গ্রন্থের পরিশিষ্ট অংশে 'জীবনপঞ্জী'তে সংক্ষেপে যে বিবরণ দেয়া হয়েছে তা নিম্নরূপঃ

" কর্ম: আই,জি প্রিজন অফিস (১৯৪৩); সিভিল সাপাই (১৯৪৪); 'মোহাম্মদী' পত্রিকার সম্পাদকীয় বিভাগের সঙ্গে যুক্ত জলপাইগুড়িতে একটি ফার্মে; দেশ-বিভাগের অব্যবহিত পরে প্রথমে অনিয়মিত ও পরে নিয়মিত কর্মচারী হিসাবে রেডিও পাকিস্তানের ঢাকা কেন্দ্রে যোগদান করেন, স্বাধীনতার পর তিনি বাংলাদেশ বেতারে যোগদেন এবং মৃত্যুর পূর্ব পর্যন্ত এই চাকুরীতেই বহাল ছিলেন।"

ফররুখ আহমদের কর্ম-জীবন তেমন সুখে কাটেনি। বিভিন্ন ঘাত-প্রতিঘাতে তিনি প্রায়শই ক্ষত-বিক্ষত হয়েছেন। কিন্তু কখনো কোন প্রতিকুল অবস্থার কাছে তিনি মাথা নত করেননি। কলকাতা-জীবনে তিনি বিভিন্ন সময়ে বিভিন্ন ধরনের চাকরি করেছেন। কিন্তু কোনটিই স্থায়ী হয়নি। ১৯৪৩ সনে আই,জি, প্রিজন অফিসে, ১৯৪৪ সনে সিভিল সাপ্লাইতে, ১৯৪৫ সনে মাসিক মোহাম্মদীর ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে এবং ১৯৪৬ সনে জলপাইগুড়িতে একটি প্রাইভেট ফার্মে চাকরি করেন। মোহাম্মদীর চাকরি ছেড়ে দেবার পর কবিকে বেশ কিছুকাল বেকারত্ব ও দারিদ্র্যের সাথে লড়াই করতে হয়েছে। এমনকি কলকাতা ছেড়ে তাঁকে চলে যেতে হয়েছে গ্রামের বাড়িতে।

১৯৪৮ সনের শেষের দিকে ফররুখ আহমদ কলকাতা ছেড়ে ঢাকায় চলে আসেন। ঢাকায় এসে তিনি প্রথমে ঢাকা বেতারে অনিয়মিত এবং পরে ১৯৫২ সনের এপ্রিল থেকে নিয়মিত স্টাফ আর্টিস্ট বা নিজস্ব শিল্পী হিসেবে মৃত্যু কাজ করেন। ঢাকা বেতারে তিনি দীর্ঘকাল ছোটদের আসর 'কিশোর মজলিশ' পরিচালনা করেন। বেতারের প্রয়োজনে গান, কথিকা, নাটিকা, শিশুতোষ রচনা, গীতিনাট্য, গীতি-বিচিত্রা ইত্যাদি লিখেছেন। নিজের ও অন্যদের কবিতা আবৃত্তি করেছেন, পুঁথি পাঠ করেছেন, বিশেষ অনুষ্ঠানসমূহ প্রযোজনা ইত্যাদি নানা কাজে নিজেকে ব্যাপৃত রেখেছেন। বেতারে তাঁর সহকর্মীদের মধ্যে ছিলেন কবি শাহাদৎ হোসেন, কবি আজিজুর রহমান, কবি সৈয়দ আলী আহসান, কবি আবুল হোসেন, শামছুল হুদা চৌধুরী, কবি সিকান্দার আবু জাফর, কবি শামছুর রাহমান, কবি হেনায়েত হোসেন, গীতিকার ধীর আলী, উস্তাদ বেদার উদ্দিন আহমেদ, সুরকার আব্দুল আহাদ, গীতিকার নাজির আহমদ, কথাশিল্পী নাজমূল আলম, মোবারক হোসেন প্রমুখ।

সম্পাদক হিসেবে ফররুখ আহমদ যথেষ্ট কৃতিত্বের পরিচয় দিয়েছিলেন। সম্পাদক হিসেবে ফররুখ আহমদ যথেষ্ট কৃতিত্বের পরিচয় দিয়েছিলেন। কেবল সম্পাদনা কর্মেই নয় প্রতিভাধর কবি-সাহিত্যিকদেরকে আন্তরিকভাবে উৎসাহ প্রদান এবং তাদেরকে সৃজনশীলতায় উদ্বুদ্ধ করার ক্ষেত্রে তাঁর তৎপরতা ছিল ঐকান্তিক। এ ব্যাপারে তিনি ছিলেন অত্যন্ত উদার। এ সম্পর্কে ডক্টর আশরাফ সিদ্দিকীর পূর্বোক্ত স্মৃতি কথায় উল্লেখ করেন: "সম্পাদক হিসেবে যদ্দুর শুনেছি, ফররুখ আহমদ কৃতিত্বের পরিচয় দিয়েছিলেন। নতুন শিল্পী-সাহিত্যিকদের প্রতি তাঁর ছিল অকৃত্রিম দরদ। তিনি নিজেই বার বার বলেছেন, যারা নতুন এসেছেন তাদেরকে প্রতিষ্ঠা করা আমাদের নৈতিক দায়িত্ব। আমার যদ্দুর মনে পড়ে কবি সিকান্দার আবু জাফর প্রভৃতি অনেককে তিনি তাড়া দিয়ে লেখা এবং জয়নুল, আবেদীন, সফীউদ্দিন ও কামরুল হাসানের কাছ থেকে ছবি আদায় করেছেন। কিন্তু দুর্ভাগ্যবশত মোহাম্মদীর সম্পাদকীয় বিভাগে তাঁর চাকুরী বেশীদিন স্থায়ী হয়নি। মোহাম্মদীর ভারপ্রাপ্ত সম্পাদক থাকাকালে তাঁর রচিত একটি কবিতা 'লড়কে লেঙ্গে পাকিস্তান' কিছুটা রদবদল করে অন্যের নামে 'দৈনিক আজাদ' পত্রিকার সম্পাদকীয় বিভাগে ছাপানোর ঘটনাকে কেন্দ্র করে ফররুখ আহমদ প্রতিবাদ স্বরূপ মাসিক মোহাম্মদীর চাকুরী থেকে ইস্তফা দেন।

চতুর্থ পরিচ্ছেদ - পারিবারিক জীবন।

Dhaka University Institutional Repository

কবির নানা মোহাম্মদ হুরমাতুল্লাহর আগ্রহে ১৯৪২ সনের নভেম্বর মাসে আপন খালাতো বোন সৈয়দা তৈয়বা খাতুন লিলির সঙ্গে ফররুখ আহমদের শুভবিবাহ সুসম্পন্ন হয়। তৈয়বা খাতুন লিলির পিতার নাম সৈয়দ নূরুল হুদা। নানা হুরমাতুল্লাহ নাতি ফররুখ আহমদ ও নাতনি লিলি উভয়কে গভীর স্নেহ করতেন। নাতি যেমন ছিলেন অসাধারণ প্রতিভাসম্পন্ন, নাতনিও ছিলেন অনেকটা তেমনি। বিয়ের ব্যাপারে নিজে মনস্থির করে নানা হুরমাতুল্লাহ ফররুখ আহমদের ভাই সৈয়দ সিদ্দীক আহমদকে পত্র মারফত জানানঃ "তোমার ২৮শে তারিখের পত্র পাইয়া সবিশেষ অবগত হইলাম। ফররোখ (নানা এভাবেই সম্বোধন করতেন) বর্তমানে কি করিতেছে। তাহারতো লেকচার Culture আছে। আর একবার চেষ্টা করিলে ভাল হয়। একটা Degry (Degree) থাকা ভাল। সে একবার এখানে আসিলে খুব সন্তুষ্ট হইতাম। তাহার যাতায়াত খরচ আমি দিতে প্রস্তুত। লিখিলেই ইনশাল্লাহ পাঠাইয়া দিব। লিলিকে খুবই ভালবাসি। তাকে একটা সুপাত্রের কাছে দিয়া যাইতে পারিলে মনের শান্তি হইত। সে এমন সুন্দর লেখাপড়া শিখিয়াছে যে একটি মুর্খের সহিত বিবাহ হইলে সে জীবনে মড়া (মরা) হইয়া থাকিবে। তাহর জন্য একটু চেষ্টা কর। গাফিলী করিও না।"

কবির সঙ্গে বিয়ের ব্যাপারে তাঁর স্ত্রীর অনুভূতি কেমন ছিল তা তাঁর নিজের বক্তব্য থেকেই উপলব্ধি করা যায়। তিনি কবির ইন্তেকালের পর লিখেছেন - "আমাদের যখন বিয়ে হয়, তখন আমার বয়স মাত্র ষোল। আমরা গ্রামেই থাকতাম। সম্পর্কে কবি ছিলেন আমার খালাতো ভাই। সে কারণেই তাঁকে চিনতাম ছোটবেলা থেকেই। তিনি কবিতা লিখতেন, তাও জানতাম। আমাদের বাড়ীতে তাঁকে নিয়ে আলোচনা হতো। অবশ্য বিয়ের আগে তাঁর কবিতা পড়বার সৌভাগ্য আমার আমার হয়নি। গ্রামে থাকতাম, তাই সাহিত্যের সঙ্গে খুব পরিচয়ও ছিলো না আমার...। তাঁর জীবনের সঙ্গে আমার জীবন বাঁধা পড়ে যাবে, এমন কথা শৈশবে কখনও ভেবেছি বলে মনে পড়ে না। কিন্তু, আল্লাহর কি অসীম কৃপা, তাঁর সঙ্গে আমার বিয়ে হলো! আমাদের বিয়ের ব্যাপারে আমার নানা মৌলভি মোহাম্মদ হুরমাতুল্লাহর উৎসাহই ছিল সবচেয়ে বেশী। কবি আমার চাইতে বছর আটেকের বড় হবেন। আমাদের যখন বিয়ে হয়, তখন তিনি লেখাপড়া শেষ করে ফেলেছেন, কিন্তু চাকুরী হয়নি তখনও। একজন বেকারের সংগে আমার বিয়েতে মুরব্বিরা কেউই কোন আপত্তি করেন নি। তাঁদের হয়তো বিশ্বাস ছিলো যে, অচিরেই ফররুখ চাকুরী পেয়ে যাবে। তাঁদের বিশ্বাস মিথ্যা হয়নি। তিনি অচিরেই কলকাতায় সিভিল সাপাই অফিসে একটা চাকুরী পেয়ে যান। চাকুরী পাবার কিছুদিনের মধ্যেই তিনি আমাকেও কলকাতায় নিয়ে যান।"

আপন খালাতো বোন এবং নানার পছন্দ করা মেয়ের সাথে বিয়েতে ফররুখ আহমদও যে বেশ খুশি ছিলেন তা বিয়ে উপলক্ষে লেখা তাঁর 'উপহার' শীর্ষক কবিতা থেকে স্পষ্ট উপলব্ধি করা যায়। কবিতাটি 'সওগাত' পত্রিকায় অগ্রহায়ণ ১৯৩৯ সংখ্যায় ছাপা হয়। এখানে সেটির প্রথম আট লাইন উদ্ধৃত হলোঃ

উপহার

আমরা দু'জনে ধরার ধুলায় বাঁধব বাসর-ঘর,
রবে চিরদিন এ স্বয়ম্বরে সত্যের স্বাক্ষর,
রবে চিরদিন বিবাহ-লগ্ন
রইব প্রেমের মধুতে মগ্ন
হাতে হাত রেখে চলব আমরা অন্তরে অন্তর;
আমরা দু'জনে ধরার ধুলায় বাঁধব বাসর-ঘর।
যেথা তুমি আছো যেথা আমি আছি, যেখানে এ পরিচয়
যেখানে রবে না কোনদিন আর কোন ভয়, সংশয়।

Dhaka University Institutional Repository

কবির স্ত্রীর ডাক নাম লিলি, তা আগেই উলিখিত হয়েছে। 'লিলি' নামে একটি কবিতা 'মৃত্তিকা' পত্রিকার বসন্ত ১৩৩৯ সংখ্যায় ছাপা হয়। এ কবিতায় নব-পরিণীতা স্ত্রীর প্রতি কবির গভীর অনুরাগের কথা অন্তরঙ্গ কবি-ভাষায় পরিব্যক্ত হয়েছে। 'লিলি' কবিতাটির প্রথম আট চরণ এখানে উদ্ধৃত হলোঃ

লিলি
পদ্মাবনে প্রভাত সমীরণে যে মেলেছে দল,
দেখেছে সে লীলাকমল রক্তিম উজ্জ্বল,
ভোর না হতে পথ চেয়ে যে পাপড়ি মেলে আছে
উদয়নের শুভ্র বিভা ফিরছে তাহার কাছে।
তোমার সৌভাগ্য লিলি! চিরদিন নবসূর্য সাথে-
পার হয়ে কাল মৃত্যু উদিত যে নবীন আশাতে
তাকায় তোমার পানে, তুমি ফিরে যাও তার মুখে,
সূর্যের কৌতুক লিলি, চিরদিন তোমারি কৌতুকে।

ফররুখ আহমদ তিন কন্যা ও আট পুত্র সন্তানের জনক ছিলেন। এরা হলো : সৈয়দা শামারুখ বানু (মরহুমা), সৈয়দা লালারুখ বানু, সৈয়দ আবদুল্লাহেল মাহমুদ (মরহুম), সৈয়দ আব্দুল্লাহেল মাসুদ (মরহুম), সৈয়দ মনজুরে এলাহী, সৈয়দা ইয়াসমিন বানু, সৈয়দ মুহাম্মদ আখতারুজ্জামান (আহমদ আখতার), সৈয়দ মুহাম্মদ ওয়াহিদুজ্জামান (বাচ্চু), সৈয়দ মুখলিসুর রহমান, সৈয়দ খলিলুর রহমান ও সৈয়দ মুহাম্মদ আবদুল্লাহ।
পাকিস্তান প্রতিষ্ঠার এক বছর পর ১৯৪৮ সনে কবি কলকাতা ছেড়ে স্থায়ীভাবে ঢাকায় চলে আসেন। ঢাকায় এসে প্রথমে ওঠেন কবি বেনজীর আহমদের আগামসিহ লেনের বাসায়। এরপর সপরিবারে থাকতে শুরু করেন কমলাপুরে। সেখানে একটানা বারো বছর ভাড়া করা টিনশেড বাসায় কবি সপরিবারে বসবাস করেন। তখনকার ঠিকানা ছিল: ১ নং হোসনে আলম ভিলা, পো: ওয়ারী, ঢাকা। তারপর শান্তিনগরে বছর খানেক এবং পাঁচ বছর ২২০, মালীবাগে বসবাস করেন। পরবর্তীতে ৭/৫ ইস্কাটন গার্ডেন কলোনীর সরকারী বাসভবনে আমৃত্যু বসবাস করেন। কবির সাংসারিক ও পারিবারিক জীবন কেমন ছিল সে সম্পর্কে কবীর সহধর্মীনী সৈয়দা তৈয়বা খাতুন লিখেছেন - "তাঁর রোজগার খুব বেশী ছিলো না, তাই আমাদের সংসারে প্রাচুর্য ছিলো না কখনই। কিন্তু সুখ ছিলো, অভাব-অনটনের মধ্যেও সংসারে প্রশান্তি ছিলো। ইচ্ছে করলে তিনি হয়তো আরও বেশী রোজগার করতে পারতেন। কিন্তু তিনি তা চান নি। আভিজাত্যের মোহ তাঁর ছিলো না। তাঁর সংসারের জন্য সম্ভবত আমাদের সংসারের কারো মধ্যেই সেই মোহ দানা বেঁধে উঠতে পারেনি। তাঁর মতো আমরাও অল্পতেই সন্তুষ্ট হতে পারতাম। সেই কারণেই আমাদের ঘরে সুখ ছিলো অন্তরের। হাতে টাকা এলে কবি কিছুটা বেহিসাবী হয়ে উঠতেন। বড় রুই, চিতল, বড় কৈ, গলদা চিংড়ি আর পনির, হালুয়া, খেজুর, ফজলী আম, আনারস ও কাবাব তাঁর পছন্দের খাবার ছিলো। সুযোগ পেলেই এসব কিনে আনতেন।"
কবি পত্নী লিখেছেন - "অন্যদিকে অনাড়ম্বর জীবন যাপনে তিনি অভ্যস্ত ছিলেন। আগেই বলেছি আভিজাত্য বা বিলাসিতার প্রতি তাঁর সামান্য মোহও ছিলো না। আমাদের ঘরে আসবাবপত্র তেমন এখনও নেই, আগেও ছিলো না। সত্যিকথা বলতে কি, আমার মাঝেমাঝে সাধ জাগতো আসবাবপত্র করবার। কিন্তু তা প্রকাশ করা হতো না বেশীর ভাগ ক্ষেত্রেই। সংসার চালাতেই আমাদের বেশ কষ্ট হতো। এ অবস্থায় আসবাবপত্রের কথা তুলবার অবকাশ কোথায়? অবশ্য ঘরে যথেষ্ট আসবাবপত্র ছিলো না বলে তিনি কখনো দুঃখবোধ করেছেন , এমন মনে হয়নি।"
কবির সহধর্মীনী আরও উলেখ করেন -" কবি হিসাব-নিকাশের কোন ধার না ধারলেও সংসার বিমুখ ছিলেন না। পিতা হিসেবে তিনি ছিলেন দায়িত্বশীল। ছেলেমেয়েদের প্রতি কর্তব্য পালনে বিন্দুমাত্র অমনোযোগী ছিলেননা।

Dhaka University Institutional Repository

ছেলেমেয়েদের লেখাপড়ার ব্যাপারেও তিনি ছিলেন খুবই যত্নশীল। সংসারী তিনি যতটা ছিলেন তার চেয়ে বেশী ছিলেন ছেলেমেয়েদের শিক্ষার ব্যাপারে মনোযোগী। ছেলেমেয়েরা পরীক্ষায় ভাল ফল করলে তিনি ভীষণ খুশি হতেন। আনন্দে তার চোখ জ্বলজ্বল করতো। আর তিনি আনন্দিত হতেন যখন একটি কবিতা লেখা শেষ করতেন। কবিতা ও কবিতার বই প্রকাশিত হলে তিনি আনন্দে বিহ্বল হয়ে উঠতেন।"

পঞ্চম পরিচ্ছেদ - শেষ বয়স ও মৃত্যু।

ফররুখ আহমদ কখনো কোন রাজনৈতিক প্রভাবে তাড়িত হননি। ব্যক্তি-স্বার্থে তিনি কোন কাজ করেছেন বলেও জানা যায় না। তবে ইসলামের প্রতি অবিচল আস্থা এবং ব্যক্তি জীবন থেকে সামাজিক আচার-আচরণ, সাহিত্য-চিন্তা ও সাংস্কৃতিক জীবনধারায় ইসলামী আদর্শের প্রতিফলনে তিনি ছিলেন অকপটভাবে আগ্রহী। ফলে অনেকেই তাঁকে ভুল বুঝেছে। বাংলাদেশ স্বাধীন হওয়ার পরে এই ভুল বুঝাবুঝি আরও চরমে গিয়ে পৌছে। কবিকে এসময় 'ইসলামী তমদ্দুনের কবি', 'বাঙ্গালী জাতীয়তাবাদ - বিরোধী রাজাকার কবি' ইত্যাদি নানা বিশেষণে বিশেষিত করে হেয় প্রতিপন্ন করার চেষ্টা করা হয়। এমনকি জনৈক বিশিষ্ট সাহিত্যিক তাঁকে তীব্রভাবে আক্রমণ করে পত্র-পত্রিকায় লেখালেখি করেন। মূলত এসব কারণেই তখন তাঁর জীবন-ধারণের একমাত্র অবলম্বন বেতারের চাকুরী থেকে তাঁকে সাসপেন্ড করা হয়। পৃথিবীতে মাথা গুঁজবার এতটুকু স্থান পর্যন্ত যাঁর ছিল না-সেই প্রবীণ কবিকে সরকারী বাসা ছেড়ে দেবার জন্য বারবার নোটিশ আসতে থাকে। সরকারী নোটিশের প্রেক্ষিতে কবি অল্প ভাড়ার বাসা খুঁজতে শুরু করেছিলেন। সে সময়টা কবির জন্য ছিল চরম বিব্রতকর, ক্লান্তিপূর্ণ, অসহায় এবং বিষন্নতায় পূর্ণ। কবির অসংখ্য ভক্ত ও অনুরক্ত থাকা সত্ত্বেও কবিকে সমবেদনা জানাবার জন্য অথবা সত্য কথা বলার জন্য সাহস সঞ্চয় করে তেমন কেউই এগিয়ে আসেনি। তবে এক্ষেত্রে ব্যতিক্রম দেখা যাচ্ছে বিশিষ্ট লেখক ও বুদ্ধিজীবি আহমদ ছফা। তিনি 'দৈনিক গণকণ্ঠ' পত্রিকায় 'কবি ফররুখ আহমদের কি অপরাধ' শীর্ষক নিবন্ধে জোরালোভাবে ফররুখ আহমদের বিরুদ্ধে আরোপিত অভিযোগসমূহ খন্ডন করেন। আহমদ ছফা তাঁর নিবন্ধে বেকার ও নিগৃহীত কবি-জীবনের যে মর্মস্পর্শী বিবরণ দিয়েছেন তার অংশ বিশেষ নিম্নরূপঃ "খবর পেয়েছি বিনা চিকিৎসায় কবি ফররুখ আহমদের মেয়ে মারা গেছে। এ প্রতিভাধর কবি যাঁর অবদানে আমাদের সাহিত্য সমৃদ্ধ হয়েছে পয়সার অভাবে তাঁর মেয়েকে ডাক্তার দেখাতে পারেননি। তার মৃত মেয়ের জামাই যিনি এখন কবির সঙ্গে থাকছেন বলে খবর পেয়েছি তারও চাকুরী নেই। মেয়ে তো মারাই গেছে। যারা বেঁচে আছেন তারা কিভাবে কোন অবর্ণনীয় দু:খ-দুর্দশার মধ্যে দিনগুলো অতিবাহিত করছেন সে খবর আমরা কেউ রাখিনি। হয়তো একদিন সংবাদ পাবো না খেতে পেয়ে বৃদ্ধ কবি মারা গেছেন অথবা আত্মহত্যা করেছেন।" (গণকণ্ঠ ১লা আষাঢ়, ১৩৮০)

এ সময়কার কবি-জীবনের দু:সহ অবস্থার বিবরণ দিয়ে সওগাত সম্পাদক মোহাম্মদ নাসির উদ্দিন লিখেছেন: 'বিগত ২২শে জুন (১৯৭৪) নজরুল জন্ম-বার্ষিকী উপলক্ষে সওগাত সাহিত্য মজলিশের অনুষ্ঠানে বহু কবি সাহিত্যিকের সমাগম হয়েছিল কিন্তু অনুষ্ঠানে ফররুখ আহমদকে পাইনি। একজন প্রখ্যাত কবিকে জিজ্ঞাসা করলাম-' আচ্ছা ফররুখ আহমদ এলেন না কেন?' তিনি বললেন; ' কবি আজকাল ঘর ছেড়ে বড় বেশী বের হন না। তিনি নাকি ইসলামী তমদ্দুনের কবি তাই অপরাধী। জানিনা কবে পর্যন্ত তাঁর অপরাধের সমাপ্তি হবে এবং তিনি আমাদের সাথে আবার মিলিত হবেন।' অকস্মাৎ খবরের কাগজে ফররুখ আহমদের মৃত্যুর খবর বেরুল। অনাহারে-অর্দ্ধাহারে থেকে বিনা চিকিৎসায় শোচনীয় মৃত্যু। তিনি মৃত্যুবরণ করলেন নীরবে কিন্তু আদর্শচ্যুত হয়ে অন্যায়-অসত্যের কাছে আত্মসমর্পণ করলেন না। নিজের ও পরিবারের লোকদের জীবন রক্ষার তাগিদেও না।' [কবি ফররুখ আহমদ। সওগাতঃ আশ্বিন-কার্তিক, ১৩৮১]

Dhaka University Institutional Repository

এভাবে সামাজিক নিগ্রহের শিকার হয়ে এ যুগের একজন বলিষ্ঠ ও শক্তিমান কবি অকালে আমাদের নিকট থেকে চিরবিদায় গ্রহণ করেন। স্বপ্ন-বিমুগ্ধ চিত্তে যে কবি একদিন শব্দময় পৃথিবীর দিকে তাকিয়ে নতুন আশা ও আশ্বাসে উৎফুল্ল হয়ে উঠেছিলেন; হেরার স্নিগ্ধতম জ্যোতির্ময় আলোজধারায় পুরাতন পৃথিবীর পাপ, গ্লানি, দারিদ্র্য, অনাচার, ক্লেদ, আবিলতা মুছে ফেলে নতুন মহত্তর মানবিক সমাজ প্রতিষ্ঠার লক্ষ্যে যাঁর মন ছিল নিয়ত ব্যগ্র-ব্যাকুল সেই রোমান্টিক, স্বাপ্নিক কবি জীবনধারণের ন্যূনতম মৌলিক অধিকার থেকে বঞ্চিত হয়ে নিদারুণ দুঃখ-কষ্ট ও নিষ্করুণ দুর্গতির মধ্যে ক্ষয়িষ্ণু পৃথিবীর মায়া ত্যাগ করলেন।

এমনই হাজারও বঞ্চনার স্বীকার হয়ে কবির শরীর ও মন ভেঙ্গেযায় এবং দীর্ঘ অসুস্থতার পর অনেকটা বিনা চিকিৎসায় ১৯৭৪ সালের ১৯ অক্টোবর ইস্কাটন গার্ডেনের সরকারী বাসভবনে ইহলোক ত্যাগ করেন। কিন্তু কবি ফররুখ আহমদেও মৃত্যু নেই। বাংলা সাহিত্যেও বিরল প্রতিভাবান মৌলিক কবি হিসেবে তিনি চিরদিন অমর হয়ে থাকবেন। যে মূল্যবোধ তিনি জীবনে লালন করেছেন তা রক্ষার জন্য তিনি আমরণ সংগ্রাম করেছেন। স্বীয় আদর্শ ও বোধ-বিশ্বাসের ক্ষেত্রে তিনি ছিলেন আজীবন আপোষহীন। শত বাধা, দারিদ্র্য এমনকি মৃত্যু ভয়ও কখনও তাঁকে নতজানু করতে পারেনি। অকোতভয় সিন্দবাদ নাবিকের মত সব বাঁধার উত্তুঙ্গ পাহাড়কে উপেক্ষা করে তিনি সর্বদা সাহসী যোদ্ধার ন্যায় শির উঁচু করে রেখেছেন। এই পৌরুষদীপ্ত ঈমানী শক্তিতে বলীয়ান ফররুখ আহমদের নশ্বর দেহ আমাদের কাছ থেকে বিদায় নিয়েছে সত্যি কিন্তু তাঁর প্রদীপ্ত সত্তা তাঁর সমগ্র কাব্য-পরিমন্ডলে উজ্জ্বল দীপ্তি ছড়িয়ে রেখেছে। ফররুখ আহমদের কাব্যালোচনায় তাই ব্যক্তি ফররুখ আহমদকে অতি স্পষ্টভাবে উপলব্ধি করার প্রয়োজনীয়তা অনস্বীকার্য।

Dhaka University Institutional Repository

দ্বিতীয় অধ্যায় ঃ কাব্য রচনা ।

প্রথম পরিচ্ছেদ - প্রাথমিক পর্যায়ে রচিত কবিতা ।

ফররুখ আহমদের কাব্য-সাধনার পটভূমি নির্ণয়ে বিশেষভাবে দু'টি দিকের উল্লেখ করা চলে । একটি সাহিত্যিক ও অন্যটি সামাজিক-রাজনৈতিক । এ দু'টি দিক দু'টি স্বতন্ত্র পরিমণ্ডলের ইঙ্গিত দান করলেও মূলত দু'টির মধ্যে এক অবিচ্ছেদ্য সম্পর্ক বিদ্যমান ।

প্রথমত, সাহিত্য-সৃষ্টির একটি ধারাবাহিকতা থাকে । সব কবি-সাহিত্যিকই তাঁদের পূর্বসূরিদের দ্বারা কম-বেশী প্রভাবিত হয়ে থাকেন । অবশ্য প্রকৃত মৌলিক ও সৃষ্টিশীল প্রতিভা সর্বদা তাঁদের পূর্বসূরিদের প্রভাব অতিক্রম করে নিজস্ব স্বতন্ত্র ধারা সৃষ্টি করে থাকেন । স্বভাবতই এ ধরনের মৌলিক ও সৃষ্টিশীল প্রতিভার সংখ্যা সব দেশে, সব কালেই অতিশয় বিরল ।

দ্বিতীয়ত, সামাজিক ও রাজনৈতিক পরিবেশ-পরিস্থিতিও সর্বদাই সাহিত্যেও ধারা বা সৃষ্টি-প্রবাহকে কম-বেশী প্রভাবিত করে থাকে । বিশেষত সচেতন, জীবনধর্মী কবি-সাহিত্যিক-শিল্পী কখনো সমকালীন জীবনধারা থেকে বিচ্ছিন্ন থাকতে পারেন না । তবে প্রকৃত মৌলিক প্রতিভা সমকাল-নির্ভর হয়েও সমকালের উর্ধ্বে উঠে তাঁরা চিরকালীন আবেদন সৃষ্টিতে সক্ষম হন । এখানেই তাঁদের যথার্থ কৃতিত্ব ও মৌলিকত্ব এবং এজন্যই তাঁরা চির অমরত্ব লাভ করে থাকেন ।

সাহিত্যিক পটভূমি সম্পর্কে বলা যায়, ফররুখ আহমদ যখন সাহিত্য-চর্চা শুরু করেন, তার প্রায় এক শতাব্দী পূর্বে বাংলা সাহিত্য আধুনিকতার সকল স্বভাব-বৈশিষ্ট্য নিয়ে পূর্ণমাত্রায় ধরা দিতে থাকে । এ যাত্রার প্রথম সার্থক উদ্গাতা হলেন মাইকেল মধুসূদন দত্ত । বাংলা সাহিত্যে তিনিই প্রথম সার্থক মহাকাব্য ও সনেটের রচয়িতা । বাংলা কাব্যের প্রচলিত ছন্দ-রীতি ভঙ্গ করে তিনিই প্রথম ইংরেজি ব্লাংক ভার্সের অনুকরণে অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তন করেন । গ্রিক ট্র্যাজেডির অনুকরণে তিনি বাংলায় সার্থক ট্র্যাজেডি নাটক ও ব্যঙ্গ নাটকও রচনা করেন । মধুসূদনের ধ্রুপদ বৈশিষ্ট্য ফররুখ আহমদকে যথেষ্ট প্রভাবিত করেছে । মূলত এ বৈশিষ্ট্য মধুসূদনের পরবর্তী অনেক কবিকেই প্রবলভাবে আকৃষ্ট করে, কিন্তু তাঁরা কেউই কাব্য ক্ষেত্রে অতটা সফলতা অর্জন করতে পারেননি । ফররুখের স্বভাব ও প্রতিভার সাথে মধুসূদনের স্বভাব-বৈশিষ্ট্যের অনেকটা মিল থাকায় ফররুখ তাঁর নিজস্ব স্বতন্ত্র প্রকাশভঙ্গিতে মধুসূদনের ধ্রুপদ বৈশিষ্ট্যকে সার্থকভাবে ফুটিয়ে তুলতে সক্ষম হন ।

ফররুখ আহমদ কবিতা লিখতে শুরু করেছিলেন, মূলতঃ স্কুল জীবন থেকেই । তাঁর লেখনীতে যেমন ছিল ধার, তেমনি তিনি কাল সচেতন কবি হিসেবে সকলের সমাদর লাভ করেছিলেন । তাঁর কবি জীবনের সূচনালগ্নের স্মৃতিচারণে তাঁরই স্কুল শিক্ষক সাহিত্যিক আবুল হাশেম লিখেন- ' ১৯৩৬ সালে বদলি হলাম খুলনা জেলা স্কুলে । সেখানে অজানা মুখের মধ্যে দেখতে পেলাম একমাত্র চেনা মুখ বন্ধু আবুল ফজলের । ইতিপূর্বেই তাঁর সঙ্গে আলাপ হয়েছিল । খুলনা জেলা স্কুলের ম্যাগাজিনখানার ভার তাঁর উপরেই ন্যস্ত ছিল । আমি সে স্কুলে যোগ দিতেই সে ভারটা তিনি আমার ঘাড়ে চাপিয়ে দিয়ে এম.এ. পরীক্ষা দেবার জন্য তোড়জোড় শুরু করলেন ।

ভারটা নিয়ে দেখি কাজটা তত সোজা নয় । একে তো পাঠ্য ছাড়া আর কিছু খোকাদের কলমের মুখে আসতেই চায় না, তার উপর আবার টোকাই বাছার বিপদ । ভারি ঝামেলায় পড়েছিলাম । এর মধ্যে একটা ছেলে এসে একটা লেখা হাতে দিল । ছেলেটাকে দেখতাম ক্লাসের অন্য ছেলেরা যখন মাস্টার সাহেবদের জব্দ করবার জন্য ফন্দি আঁটতে থাকতো, তখন সে বসে থাকতো নির্বাক মুখে, বই মেলে, তার ডাগর চোখ দুটি ঢেকে । লেখাটা পড়ে দেখলাম । চমৎকার লাগল । একটু ঘষামাজা করে সেটা প্রেসে পাঠিয়ে দিলাম ।

Dhaka University Institutional Repository

এই ছেলেটিই হল ফররুখ আহমদ। সে সেই বছরেই ম্যাট্রিকুলেশন পরীক্ষা দিয়ে খুলনা ছেড়ে চলে গেল। এর বন্ধুরা বলতো, কলকাতার বড় পরিবেশে গিয়ে সে নাকি কবিতায় তীর ছুঁড়বার স্থান পেয়েছিল।' [আমার ছাত্র ফররুখ, ফররুখ আহমদ ব্যক্তি ও কবি]

কবি ফররুখ আহমদের প্রাথমিক পর্যায়ের কবিতা লেখার বিষয়ে কিছুটা ইঙ্গিত পাওয়া যায়, বিশিষ্ট সাংবাদিক ও কবির বোনের ছেলে সুলতান আহমদের লেখা থেকে। তিনি লিখেছেন- '১৯৩৮ বা ৩৯ সালের কথা। কলকাতার উপকণ্ঠে যাদবপুরে বড়মামা একটা বাড়ি তৈরী করেছিলেন। সেখানেই মেজমামাকে দেখলাম। মেজমামা অনেক বড় হয়েছেন। রাজপুত্রের মত চেহারা। পরনে শান্তিপুরী ধুতি, গায়ে লক্ষ্ণৌই আদ্ধির পাঞ্জাবী, চুল ব্যাকব্রাস করা, পায়ে স্যান্ডেল। মেজমামা তখন ইংরেজীতে অনার্স পড়েন।

আমরা আগেই জেনেছিলাম মেজমামা কবিতা লেখেন। কিন্তু মেজমামার কবিতা আমরা কখনই পড়িনি। জিজ্ঞেস করেছিলাম, "মামা আপনি কবিতা লেখেন, আমাদের বইয়ে ছাপা হয় না কেন?" মেজমামা হেসেছিলেন, "ছাপা হয় বৈ কি।" মেজমামা মাসিক "মোহাম্মদী"র একটা সংখ্যা আমার হাতে দিয়ে বলেছিলেন, "এই কবিতাটা পড়।" তাঁর লেখা কবিতাটা আমি পড়তে চেষ্টা করেছিলাম, কিন্তু কোন কবিতা এখন কিছুই মনে নেই।

১৯৪২ সালে আব্বা কলকাতায় বদলী হয়ে গেলেন। আমরা মামাবাড়ীতে গিয়ে উঠলাম। যখন মেজমামানী বাপের বাড়ী যেতেন তখন আমি মেজমামার ঘরেই থাকতাম। এই সুযোগে মেজমামাকে কিছুটা ঘনিষ্ঠভাবে দেখবার সুযোগ পেয়েছিলাম। মাঝে মাঝে তিনি গভীর রাতে আমাকে ডেকে তুলতেন, বলতেন, "কত ঘুমাবি, সকাল হয়ে এল।" একদিন মেজমামা আবৃত্তি করলেন,

কৃষ্ণা দ্বাদশীর পাণ্ডুর ক্ষীয়মাণ চাঁদ,
আরক্ত উষার প্রান্তে এল শেষ হয়ে,
দিগন্তে স্বর্ণাভা ঃ দূরে আলোর ইংগিত
থামাও মৃত্যুর সুর.....।

আমি ঘুমজড়িত চোখে মেজমামার কবিতা শুনলাম। কষ্ট হলেও ভারী উৎসাহ বোধ করতাম। তিনি তখন মাসিক "মোহাম্মদী"র সাথে জড়িত ছিলেন, কলকাতা বেতারে বিভিন্ন অনুষ্ঠান করতেন, বিভিন্ন পত্র-পত্রিকায় লিখতেন। কয়েক বছর পিছিয়ে যাব। শান্তিপুরী ধুতি আর লক্ষ্ণৌই আদ্ধির পাঞ্জাবী পরা, চুল ব্যাকব্রাস করা মেজমামা বামপন্থী প্রগতিবাদী গ্রুপের সাথে জড়িত ছিলেন। কবি সুভাষ মুখোপাধ্যায় তাঁর সহপাঠী ছিলেন। জ্যোতিবসু প্রমুখের সাথে ছিল তাঁর ঘনিষ্ঠতা।'[মেজমামা, ফররুখ আহমদ ব্যক্তি ও কবি]

কবি ফররুখ আহমদ কাব্য রচনার প্রাথমিক পর্যায়ে মূলতঃ মানবতাবাদী বিপ্লবী এম.এন. রায়ের কমিউনিস্ট ধ্যান-ধারণায় পরিচালিত হচ্ছিলেন। এ প্রসঙ্গে কবির স্নেহধন্য ও বিশিষ্ট শিল্পী পটুয়া কামরুল হাসান লিখেছেন-" কিন্তু এক সময় ফররুখ ভাই ছিলেন মার্কসপন্থী। অনেকে বিশ্বাস করেন না। সে বোধ হয় ১৯৩৫ সালের কথা। তখন স্বদেশী আন্দোলনের রেশ। আমরা কেবল এটা-ওটা শুনি আর থ্রিল অনুভব করি। এমনি একদিন মুশীর (কবি ফররুখ আহমদের ছোট ভাই এবং কামরুল হাসানের সহপাঠী ও বন্ধু) সন্ধ্যাবেলা আমাদের বেনে পুকুরের বাড়ীতে এসে, যেন সাংঘাতিক একটা ঘটনা এমনি ভাব নিয়ে, অতি গোপনে আমাকে ডেকে বলল-'জানিস ফররুখ ভাই কম্যুনিস্ট হয়ে গেছে।' কোন মতেই আমাদের উপলব্ধি করার বয়স সেটা নয়, তবে ব্যাপার বেশ ঘোরতর সেটা বুঝলাম। পুলিশের বাড়ীর ছেলে বলছে। নিশ্চয়ই কিছু শুনে বা কোন ঘটনা দেখে এসেই মুশীর আমাকে বলছিল। সেই ফররুখ ভাই অন্য মানুষ হয়ে গেলেন।"[ফররুখ ভাইঃ ফররুখ আহমদ ব্যক্তি ও কবি]

এখানে একটি বিষয় বিশেষভাবে উল্লেখ্য যে, কবি ফররুখ আহমদ একটি বিশেষ সময়ের পরিক্রমায় বেড়ে উঠেছেন, তথা কাব্য রচনা করেছেন। তিনি দেখেছেন ১৩৫০ সালের মন্বন্তর; যাতে শতশত মানুষের করুণ মৃত্যু ঘটেছে। আর এই মৃত্যু কবিকে আর্তমানবতার অতি নিকটবর্তী করেছে। কবির কাব্য রচনার পরিণত সময়েই উপমহাদেশের আকাশে স্বাধীনতার দামামা বজ্র নিনাদে বেজে উঠে।

Dhaka University Institutional Repository

দ্বিজাতি তত্ত্বের ভিত্তিতে সৃষ্টি হয় ভারত ও পাকিস্তান নামের দুটি ভিন্ন রাষ্ট্রের। এসব ফররুখ আহমদের কাব্য রচনার ক্ষেত্রে সৃষ্টি করে নতুন নতুন আঙ্গিক ও চেতনার। সর্বোপরি ফররুখ আহমদ একজন প্রতিভাধর কবি, হিসেবে সময়ের প্রয়োজনে কাব্য রচনা করেছেন।

দ্বিতীয় পরিচ্ছেদ - ইসলামী পরিভাষায় কবিতা রচনা শুরু।

কবি ফররুখ আহমদ প্রাথমিক জীবনে বামপন্থী ঘরানার ছিলেন, সঙ্গত কারণেই তাঁর কবিতার ভাব ও ভাষা সমাজতান্ত্রিক মতবাদের ভিত্তিতেই গড়ে উঠেছিল। পরবর্তী সময়ে কবি ইসলামী আদর্শের দীক্ষা লাভ করে আমৃত্যু সে আদর্শের আলোকে কাব্য রচনা করেগেছেন। আদ্ধির ফিনফিনে পাঞ্জাবী, আর ধুতি ছেড়ে দিয়ে ইসলামী পোশাক পরিধান করা শুরু করলেন।

ফররুখ আহমদের আদর্শগত পরিবর্তন প্রসঙ্গে কবি, অনুবাদক, প্রবন্ধকার ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য এবং কবির মামাতো ভাই জিল্লুর রহমান সিদ্দিকী লিখেছেন-" পঁয়তাল্লিশের মাঝামাঝি। কলকাতায় পড়তে এসেছি। ফররুখ ভাই এ সময়ে মওলানা আকরম খাঁ সাহেবের সঙ্গে এক মামলায় জড়িয়ে পড়েছেন। 'লড়কে লেঙ্গে পাকিস্তান'- এর সেই সুবিদিত কাহিনী এখানে না বললেও চলবে। কলকাতায় ফররুখ ভাইয়ের ঘনিষ্ঠ সান্নিধ্যে আসার কোন ইচ্ছা থাকলেও তা পূরণ হল না, মূলত তাঁর দুস্প্রাপ্যতার কারণেই। তাছাড়া আমার – ওই কলেজ বয়সে কলকাতায় এত কিছু গ্রহণের ও অর্জনের ছিল যে, আমিও এই আশাভঙ্গ অনুভব করি নি। অনুভব করি নি, তার আর একটা কারণ ছিল। এ সময়ে ফররুখ ভাই দ্রুত রূপান্তরিত হচ্ছিলেন। তাঁর সম্পূর্ণ ব্যক্তিসত্তাই তখন ভেঙেচুরে এক নতুন রূপ নিতে চলেছে। এক কথায় তখন তাঁর 'কনভার্শন'-এর শেষ পর্যায়। 'কনভার্শন' একটা আত্মিক প্রক্রিয়া, এর কোন বাংলা প্রতিশব্দ আমার জানা নেই। আমি এই প্রক্রিয়া সম্পর্কে শুনেছি ও পড়েছি; তবে অভিজ্ঞতা হিসেবে এটা এতোই দূরবর্তী যে, এ বিষয়ে আমি কথা বলতে সংকোচ বোধ করি। যিনি ফররুখ ভাইয়ের এই 'কনভার্শনের' মূখ্য পুরুষ, সেই শ্রদ্ধেয় ব্যক্তিটি মওলানা আব্দুল খালেক– ঘটনাচক্রে – আমাদের টেইলর হোস্টেলের সুপারিনটেনডেন্ট ছিলেন। তাঁর পরিচয় হিসেবে এটা একবারেই তুচ্ছ। তিনি অসাধারণ ব্যক্তি ছিলেন। তখন কোন একটা গ্রন্থ রচনায় ব্যস্ত ছিলেন। এবং তাঁকে ভাষার পরিমার্জনায় সাহায্য করছিলেন ফররুখ ভাই। এ উপলক্ষে তাঁকে মাঝে মধ্যে টেইলর হোস্টেলে আসতে দেখেছি, এবং সব সময় তাঁর মধ্যে একটা অস্থিরতা লক্ষ্য করেছি। কলকাতায় দু'বছর আমি কাছে থেকেও ফররুখ ভাই থেকে বেশ দূরেই ছিলাম।" [ফররুখ ভাইয়ের কথা, ফররুখ আহমদ: ব্যক্তি ও কবি]

কবি ফররুখ আহমদের কাব্য রচনার ক্ষেত্রে কাজী নজরুল ইসলামের প্রভাব অনিবার্য ছিল কারণ, ইসলামী আদর্শ ও মুসলিম ঐতিহ্য বিষয়ক কবিতায় নজরুলও ইসলামী পরিভাষা তথা পুঁথিসাহিত্যের উত্তরাধিকারকে আশ্রয় করেছিলেন; উপজীব্য বিষয় সংগ্রহ এবং প্রকাশ ও প্রকরণের অনুসরণ– এই উভয় ক্ষেত্রেই একথা সত্য। রেঁনেসাঁ-আন্দোলনের সময় ফররুখ আহমদ এবং অন্যান্য সহযাত্রী মুসলিম কবিরা কাব্যক্ষেত্রে পুঁথিসাহিত্যের উত্তরাধিকারের দিকেই ফিরে তাকিয়েছিলেন। সে কারণে এক্ষেত্রে নজরুলের প্রভাব হয়ে পড়েছিল অনিবার্য। কবিতায় রূপক ও প্রতীক ব্যবহারের আগ্রহ এবং সচেতনতা অনেকটা ইকবালের অনুসরণেই দেখা দিয়েছিল। সৈয়দ আলী আহসানের ভাষায়ঃ

"ইকবাল মুসলমানের নিশ্চেষ্টতা ও হতোদ্যমের যথাযথ চিত্র অঙ্কন করেছেন এবং পতন ও সর্বনাশের জন্যে তাঁর ক্ষোভ নিদারুণ। 'জওয়াব-ই-শেকোয়া'য় যে পথনির্দেশ আছে, তাতে ইসলামের চিরশক্তিমত্তায় বিশ্বাসী ইকবালের নিবিড় উপলব্ধির পরিচয় মেলে। তিনি প্রত্যেক মুসলমানকে অবলম্বন করতে বলেছেন, ইসলামের প্রবহমান সত্য এবং কোরানের অমোঘ সঞ্জীবনী বাণীকে। .....অবশ্য মনে রাখতে হবে যে, ইসলামের অর্থ ইকবালের কাছে স্তিমিত-প্রাণ ব্যক্তির আত্মসমর্পণ নয়, ইসলামের অর্থ শক্তিমত্তা, ন্যায়ানুসরণ ও সাধনা একই সঙ্গে।

Dhaka University Institutional Repository

ইকবালের এই বলিষ্ঠ আবেগ তরুণ মুসলমানের মনকে নাড়া দিয়েছিল প্রচণ্ডভাবে। সাহিত্যক্ষেত্রে এ আলোড়নের সংবাদ পাই ১৯৪১-৪৩ সাল থেকে। ... কাব্যক্ষেত্রে নেমে এলাম ফররুখ আহমদ ও আমি। ইকবালের আদর্শের অনুবর্তী হতে চেষ্টা করেন ফররুখ আহমদ। তাঁর কাছে পরম মূল্যবান হলো উন্মেষ যুগের ইসলাম। আজ হয়ত বিপর্যয় এবং পরিবেশের সঙ্গে অসদ্ভাব আছে, কিন্তু বিশ্বাস ও উপলব্ধির পথে প্রথম যাত্রায় উৎসাহ ছিল অদম্য এবং স্বস্তিও ছিল প্রগাঢ়। তাই হেরার রাজতোরণই তাঁর লক্ষ্য, যে লক্ষ্যে অগ্রসর হতে হলে বিশ্ব-মুসলিম ঐক্যবোধ, ইসলামী রাষ্ট্র ও সমাজব্যবস্থা এবং সর্বোপরি খেলাফতের প্রয়োজন।" [সৈয়দ আলী আহসান,' ইকবালের কবিতা'র ভূমিকা]

কবি ফররুখ আহমদ অধ্যাপক আব্দুল খালেক সাহেবের দীক্ষা লাভের পর থেকেই ইসলামী পরিভাষায় কাব্য রচনা শুরু করেন। ইসলামের আদর্শের আলোকে এবং ইসলামী পরিভাষাকে ভিত্তি করে তিনি রচনা করলেন - সিরাজাম মুনীরা, নৌফেল ও হাতেম, হাতেম তা'য়ী, নয়া জামাত ইত্যাদি কাব্য গ্রন্থ। এসব কাব্যে ইসলামী পরিভাষার অপরূপ ব্যবহার পরিলক্ষিত হয়। কবি ফররুখ আহমদ জড় ও মৃত সভ্যতার ধ্বংসস্তুপের ওপর যে পৃথিবী গড়ে তুলতে চেয়েছেন তা নতুন কোন পৃথিবী নয়, নতুন কোন সভ্যতা নয়। এ পৃথিবীতে তিনি গৌরবময় এক প্রাচীন সভ্যতার পুনঃপ্রতিষ্ঠা কামনা করেন, সে কারণেই হেরার রাজ-তোরণের উদ্দেশ্যে সাত সাগরের কিশতী ভাসাতে হয়। হেরার গুহা থেকেই তো সেই সভ্যতার বিকাশ হয়েছিল:

কত যে আঁধার পর্দা পারায়ে ভোর হ'ল জানি না তা'।
নারঙ্গী বনে কাঁপছে সবুজ পাতা।
দুয়ারে তোমার সাত সাগরের জোয়ার এনেছে ফেনা।
হে মাঝি! এবার তুমিও পেয়ো না ভয়,
তুমিও কুড়াও হেরার পথিক তারকার বিস্ময়,
ঝরুক এ ঝড়ে নারঙ্গী পাতা, তবু পাতা অগণন
ভিড় করে – যেথা জাগছে আকাশে হেরার রাজ-তোরণ।

[সাত সাগরের মাঝি]

'সিরাজাম মুনীরা'য় ফররুখ আহমদের অভিজ্ঞতা ইসলামের উন্মেষ যুগের গৌরবময় ইতিহাসকে কেন্দ্র করে আবর্তিত। 'সিরাজাম মুনীরা'র জ্যোতির্লেখা মুক্ত ঝরোকায় তৌহিদী মশাল বহন করে যে যাত্রীদল চলে গেছেন, তাদের পথেই কবির বিচরণ। ইসলামের গৌরবময় যুগ সিরাজাম মুনীরা মুহাম্মদ মুস্তফা (সঃ) আর ইসলামের চার খলিফা আবুবকর, উসমান, উমর, আলী হায়দারের জন্যে স্মরণীয়। কবি তাদের গৌরবকে ছন্দোবদ্ধ করেছেন। সিরাজাম মুনীরা মুহাম্মদ মুস্তফা (সঃ) কবির দৃষ্টিতেঃ

পূর্বাচলের দিগন্ত নীলে সে জাগে শাহানশাহের মত
তার স্বাক্ষর বাতাসের আগে ওড়ে নীলাভ্রে অনবরত।
ঘুম ভাঙলো কি, হে আলোর পাখী? মহানীলিমায় ভ্রাম্যমাণ
রাত্রি-রুদ্ধ কণ্ঠ হ'তে কি ঝ'রবে এবার দিনের গান?

[সিরাজাম মুনীরা মুহাম্মদ মুস্তফা]

ফররুখ আহমদের দৃষ্টিতে খলীফা 'হযরত আবুবকর সিদ্দিক (রাঃ)':
কেঁপে ওঠে যেথা উমরের মত বিশাল হৃদয় অগ্নিগিরি,
বিরাট সত্তা দাঁড়াও সেখানে অটল সত্যে আকাশ চিরি।

Dhaka University Institutional Repository

আর 'হযরত উমর ফারুক(রাঃ)' – ফররুখ আহমদের চোখে:

দেখি সে চলেছে ..... মরু মুসাফির..... কোথায় কে জানে
পিঠে বোঝা নিয়ে মৃত বিয়াবান ছাড়ায়ে কী টানে!
চ'লেছে নিয়ে সে মানবতা – যেথা মরু নিষ্প্রাণ,

কবির দৃষ্টিতে 'হযরত ওসমান গণি (রাঃ):

নবীজীর হাতে তার হাত রেখে পেল যে নির্ভয়;
যার ছায়াতলে বসি পথিক খুঁজিয়া পেল
জীবনের প্রশান্ত আশ্রয়;

'হযরত আলী (রাঃ)' স্বাভাবিকভাবেই ইসলামী শৌর্যের প্রতীক, তাই কবির দৃষ্টিতে:

মরু-আফতাব উড়ে চলে তার ঘোড়ার খুরে,
তলওয়ার খাপে সূর্যের থা'ব প'ড়ছে ঝুরে,
চমকালো ঐ দিগন্তে ও কি বজ্র-নার,
অথবা আলীর শাণিত দু'ধারী জুলফিকার।

ফররুখ আহমদের কবিতায় ইসলাম একটি প্রধান উপাদান; কিন্তু তিনি আধ্যাত্মিক সাহিত্য রচনা করেন নি, ফররুখ আহমদ মরমী কবি ছিলেন না। ইসলামী চেতনা তিনি ব্যবহার করেছেন ব্যক্তির চিত্তমুক্তি বা মোক্ষলাভের জন্যে নয়, বরং ইসলামী আদর্শে সমষ্টির রাজনৈতিক জীবন পুনর্গঠনের জন্যে। সেটা হলেই কবির কাম্য আদর্শ-মানুষ বা মুমিন সৃষ্টি হবে। যে মানুষ তৌহিদের আদর্শে গঠিত সে পরিপূর্ণ মানবতার প্রতীক। সে মুমিনদের নিয়েই হেরার আলোকে আলোকিত হয়ে আদর্শ মানবসমাজ গঠিত হবে। ফররুখ আহমদের সমস্ত সৃষ্টিকর্ম, বিশেষ করে ইসলামের দীক্ষা লাভের পর সৃষ্ট সবই ঐ উদ্দেশ্য সাধনের জন্যেই নিয়োজিত ও নিবেদিত।

Dhaka University Institutional Repository

তৃতীয় পরিচ্ছেদ - অনুপ্রেরণাদায়ক কবিতা রচনা।

কবি ফররুখ আহমদ কবি জীবনের সূচনালগ্ন থেকেই নানা রকম অনুপ্রেরণাদায়ক কবিতা রচনা করেছেন। যেমন ১৩৫৪ সালে মন্বন্তরের অব্যবহিত পরই তিনি লিখলেন-

ওঠো, –দুনিয়ার গরীব ভুখারে জাগিয়ে দাও,
ধনিকের দ্বারে ত্রাসের কাঁপন লাগিয়ে দাও।
তিনি লিখলেন হেরার রাজ-তোরণ থেকে উৎসারিত যে জীবনচেতনা, জীবনপথ– সে পথে চলতে নানা বাধা। অনেক মরু-সাগর, পাহাড়-পর্বত পাড়ি দিয়ে সেই সত্যিকারের শান্তির পথে শান্তির পথে উত্তরণ করা সম্ভব। তাঁর ভাষায়:

হে মাঝি! এবার তুমিও পেও না ভয়,
তুমিও কুড়াও হেরার পথিক-তারকার বিস্ময়,
ঝরুক এ ঝড়ে নারকী পাতা, তবু পাতা অগণন
ভিড় করে – যেথা জাগছে আকাশে হেরার রাজ তোরণ।
সে পথে যদিও পার হতে হবে মরু,
সে পথে যদিও দরিয়ার নোনা পানি
তবুও সে পথে আছে মঞ্জিল, জানি আছে ছায়াতরু
পথে আছে মিঠা পানি।
[সাত সাগরের মাঝি]

আরব্য উপন্যাসের দুঃসাহসিক চরিত্র নাবিক সিন্দবাদকে কবি তারুণ্যের প্রতীক হিসাবে দাঁড় করিয়ে আমাদের তরুণ সমাজকে আহ্বান জানালেন:
কেটেছে রঙিন মখমল দিন, নতুন সফর আজ,
শুনছি আবার নোনা দরিয়ার ডাক,
ভাসে জোরওয়ার মউজের শিরে সফেদ চাঁদির তাজ,
পাহাড়-বুলন্দ ঢেউ বয়ে আনে নোনা দরিয়ার ডাক;
নতুন পানিতে সফর এবার হে মাঝি সিন্দাবাদ।
[সিন্দাবাদ]
তিনি আরো লিখলেন:
ভেঙ্গে ফেলো আজ খাকের মমতা আকাশে উঁঠেছে চাঁদ,
দরিয়ার বুকে নামাল জোয়ার ভাঙছে বালুর বাঁধ,
ছিঁড়ে ফেলো আজ আয়েশী রাতের মখমল-অবসাদ,
নতুন পানিতে হাল খুলে দাও, হে মাঝি সিন্দাবাদ!
[সিন্দাবাদ]

Dhaka University Institutional Repository

ইসলামের দ্বিতীয় খলিফা হযরত উমর (রাঃ) এর স্মৃতির উদ্দেশ্যে 'উমর- দারাজ দিল' কবিতায় তিনি আরও লিখেছেন:

আজকে উমর-পন্থী পথীর দিকে দিকে প্রয়োজন
পিঠে বোঝা নিয়ে পাড়ি দেবে যারা প্রান্তর প্রাণ-পণ,
উষর রাতের অনাবাদী মাঠে ফলাবে ফসল যারা,
দিক-দিগন্তে তাদেরে খুঁজিয়া ফিরিছে সর্বহারা।
যাদের হাতের দোররা অশনি পড়ে জালিমের ঘাড়ে
যাদের লাথির ধমক পৌঁছে অত্যাচারীর হাড়ে,
সে ভয়ঙ্কর, সেই মধ্যদিনের রবি,
এই মজলুম দুনিয়ার খা'ব – নিত্যদিনের ছবি।

[উমর-দারাজ দিল]

অত্যাচারীর বিরুদ্ধে বলিষ্ঠ উচ্চারণ কবি ফররুখ আহমদের 'নৌফেল ও হাতেম' কাব্যের নিম্নোল্লিখিত পংক্তিগুলো:

একবার ভেবো না তুমি, অত্যাচারী জালিমের ভয়ে
থেমে যাবে মানুষের মনুষ্যত্ব। জুলুম শাহীর
ত্রাসে হয় নি শেষ কোনোদিন ধর্ম, নীতি; শুধু
মিশে গেছে জালিমের নাম ও নিশানা।

[নৌফেল ও হাতেম]

'আজাদ করো পাকিস্তান' কাব্যের প্রথম কবিতার নাম 'ফৌজের গান'। প্রথম কবিতা হিসেবে গ্রন্থের শুরুতে এ কবিতাটি সন্নিবেশিত হওয়া বিশেষ তাৎপর্যপূর্ণ। এ গানটি লেখা হয়েছে পাকিস্তান আন্দোলনের গতিধারাকে বেগবান করার উদ্দেশ্যে। তখন সমগ্র বাঙালি মুসলমান যেভাবে ঐক্যবদ্ধ হয়ে এ আন্দোলনে ঝাঁপিয়ে পড়েছিলেন, সেটাকে গতি দান করার জন্যই এ গানটি রচিত হয়। গানের ভাষা, ছন্দ, তাল-লয় ও প্রবাহমানতা একটি অভিযাত্রী দলকে তার অভীষ্ঠ লক্ষ্যে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য উদ্দীপনা, আশা ও উৎসাহ সৃষ্টিতে সহায়ক। গানটি মুসলিম জাতির নবজাগরণের ভাব-চেতনা ও উদ্দীপনাকে সংহত রূপ দান করেছে। গানটি নিচে উদ্ধৃত হলো:

"সাম্‌নে চল্ : সাম্‌নে চল্
তৌহিদেরি শাস্ত্রীদল
সাম্‌নে চল্ : সাম্‌নে চল্
আসুক ভর, আসুক ভয়
আসুক হিম দুঃসময়-
আসুক দুখ্ পাষাণ বুক
মৃত্যুব্যাথা : ঝড়বাদল
সাম্‌নে চল্ : সাম্‌নে চল্
লক্ষ ভয় করবো জয়
তুলবো ঝড় বিশ্বময়
গ'ড়বো বাঁধ অমঙ্গল
সাম্‌নে চল্ : সাম্‌নে চল্
শুনবো-না আর ছিন টান

Dhaka University Institutional Repository

মান্‌বো-না আর বান তুফান
ডাকছে খুন রক্তারুণ
পাকিস্তানের পথ উজল
সাম্‌নে চল্ : সাম্‌নে চল্ ।"

গানটি যদিও পাকিস্তান আন্দোলনের প্রেক্ষাপটে রচিত, তবু এতে সাধারণভাবে ইসলামী আদর্শ ও মুসলিম নবজাগরণের কথা উচ্চারিত হয়েছে। মূলত এ দুটি বিষয় পরস্পর সম্পর্কযুক্ত। ইসলামী আদর্শের ভিত্তিতেই পাকিস্তান আন্দোলন গড়ে উঠেছিল।

কবি তাঁর অপেক্ষাকৃত অনুল্লিখিত ও গদ্যছন্দে লিখিত 'ব্যক্তিগত' শীর্ষক কবিতায় লিখলেন:

পার্ক সার্কাসের সাথে মেলাতে বাধ না
হাভিয়ার কোনো পল্লী,
পুঁজিবাদী পুঁজ
যেহেতু জমানো দেখি উক্ত ডাস্টবিনে
(যদিও সজ্জিত আহা বিচিত্র ভূষায়)!
দুর্মর তাকিদ আসে
পার্শ্ববর্তী বস্তি থেকে তবু;
'ইতরে'র মধ্যে আমি
খুঁজে ফিরি সত্তা মানুষের
ক্ষুধিত প্রাণীর শ্বাসে
মেশায়ে নিজের দীর্ঘশ্বাস
আদর্শের পন্থা কতো দূরোহ বুঝি প্রতি পা'য় ।
দিনরাত্রি চেয়ে দেখি বিপক্ষে আমার
অগণন ফেরাউন-কারুণের ব্যূহ
দেখি চেয়ে সড়কের
প্রতি প্রান্তে অসহায় বনি-ইস্রাইল,
তেমনি সন্ধান করে মূসা-কালীমের,
সারা পথ কেঁপে উঠে বন্দী বেদনায়.....
মজলুমের লোহুধারে ভেসে যায়.....

[ব্যক্তিগত; সওগাত, আষাঢ়, ১৩৫০]

Dhaka University Institutional Repository

চতুর্থ পরিচ্ছেদ - অনুবাদ ধর্মী কবিতা।

কবি ফররুখ আহমদ অনেক অনুবাদ ধর্মী কবিতা রচনা করেছেন; কিন্তু তাঁর এসব কবিতার মধ্যে যেগুলো পুস্তকাকারে প্রকাশিত হয়েছে, সেগুলোর অস্তিত্ব আছে। আর যেগুলো বিভিন্ন সময়ে বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত হয়েছে, সেগুলোর প্রকৃত তথ্য পাওয়া যায়নি। তবে কিছু কিছু অনুবাদ ধর্মী কবিতার পান্ডুলিপি অপ্রকাশিত আছে; যা কবিপুত্র আহমদ আখতারের তত্ত্বাবধানে আছে। তাঁর অনুবাদ মূলক কাব্যগ্রন্থের মধ্যে ইকবালের নির্বাচিত কবিতা, কাব্যে আমপারা ও কোরআন মঞ্জুষা বিশেষভাবে উল্লেখযোগ্য। 'ইকবালের নির্বাচিত কবিতা' ছাড়া ফররুখ আহমদের আর কোন অনুবাদ কাব্য প্রকাশিত হয়নি। তবে বিচ্ছিন্নভাবে পত্র-পত্রিকায় বিভিন্ন সময়ে আংশিকভাবে প্রকাশিত হয়েছে। 'কাব্যে আমপারা'য় পবিত্র কুরআন শরীফের ২৯টি সূরার অনুবাদকৃত কবিতা স্থান পেয়েছে। কাব্যে আমপারা'র অনুবাদ কবিতা সমূহ তৎকালীন মোহাম্মদী ও সওগাত পত্রিকায় প্রকাশিত হয়েছে। 'কোরআন মঞ্জুষা' কোন কোন পত্রিকায় প্রকাশিত হয়েছে, তার সুনির্দিষ্ট বিবরণ পাওয়া যায়নি।

এ প্রসঙ্গে কবি, সাংবাদিক ও সমালোচক মোহাম্মদ মাহফুজউল্লাহ উল্লেখ করেন-"ফররুখ আহমদের কাছে শুনেছি, তিনি ইসলামের মানবিক মূল্যবোধের প্রতি প্রথম আকৃষ্ট হয়েছিলেন আল-কুরআন-এর মওলানা মুহাম্মদ আলী কৃত ইংরাজী তর্জমা পড়ে। তিনি কুরআন-এর মহান চিরন্তনী বাণী ও অনুপম কাব্যসৌন্দর্য্যে এমন মুগ্ধ হন যে, ঐ ইংরেজী অনুবাদের সাহায্যে বাংলায় কুরআন-এর কিছু কিছু আয়াতের তর্জমা করেন। তাঁর এই কাব্যানুবাদ সে সময় 'সওগাত' ও 'মাসিক মোহাম্মদী' পত্রিকায় প্রকাশিত হয়। শুনেছি, মৃত্যুর পূর্বে তিনি পবিত্র কুরআনের তর্জমায় ব্যাপৃত ছিলেন। একালে মাসিক 'মদীনা' পত্রিকায় প্রকাশিত কিছু কিছু তর্জমা পড়ে আমার মনে হয়েছে, মূলানুসারিতার দিকে অধিক দৃষ্টি দিতে গিয়ে তিনি কাব্যগুণকে গৌণ করে দেখেছেন। অথচ কাব্যানুবাদে দক্ষতা যে তাঁর কতখানি তা তাঁর অনুদিত ইকবালের কবিতা এবং বিভাগ পূর্বকালে আল কুরআন এর কিছু কিছু আয়াতের অনুবাদ যাঁরা পড়েছেন, তাঁরাই উপলব্ধি করবেন ঃ ইংরেজী থেকে কুরআনের অনুবাদ করতে গিয়ে তাঁর মনে শংকা জেগেছিল হয়তো বা তিনি মূল থেকে সরে যাচ্ছেন।

এখানে একটি আয়াতের মর্মানুবাদের অংশ বিশেষ উদ্ধৃত করছি ঃ

তিনি আল্লাহ চির-জীবন্ত, শাশ্বত প্রাণবান,
তিনি অতন্দ্র চির-উপাস্য একক অধীশ্বর।
পৃথিবী-নীলের মধ্যবর্তী সম্পদ, সুমহান
সবই শুধু তাঁর, সবই করে তাঁর করুণায় নির্ভর
তাঁর অনুমতি বিনা কে করিতে পারে বলো আবেদন?
তিনি যে প্রাজ্ঞ–যাহা সম্মুখে, যা পিছে সংগোপন
তাঁহার অসীম করুণা ব্যতীত পারে না মানব মন
বুঝিতে তাহার বিপুল জ্ঞানের বিন্দু নিদর্শন।

[আয়াতুল কুরসি]

এই অনুবাদটি প্রকাশিত হয়েছিল ১৩৪৮ সালের শ্রাবণ সংখ্যা 'মাসিক মোহাম্মদী'তে। ফররুখ আহমদের অনুবাদেও তাঁর নিজের কবিতার মতোই উচ্চারণের বলিষ্ঠতা এবং উদগত কণ্ঠ।"

Dhaka University Institutional Repository

ফররুখ আহমদ আরবী ছাড়াও বিশ্ববিখ্যাত কয়েকজন উর্দু ও ফারসী কবির কবিতাও অনুবাদ করেছেন। এর মধ্যে পাকিস্তানের দার্শনিক কবি ইসলামী পূনর্জাগরণের অন্যতম দিশারী মহাকবি আল্লামা ইকবাল ছাড়াও পাকিস্তানের নবনি কবি শাহ আব্দুল লতিফ ভিটাই, প্রখ্যাত উর্দু কবি আলতাফ হোসেন হালীর কবিতা বিশেষভাবে উল্লেখযোগ্য। ইরানের বিশ্ববরেণ্য সুফী কবি হাফিজ ও দার্শনিক কবি শেখ সাদী (রাহঃ) এর উল্লেখযোগ্য সংখ্যক কবিতা ফররুখ আহমদ বাংলায় কাব্যানুবাদ করেছেন। কবির এ-সকল অনুবাদ কবিতার সবগুলোই বিভিন্ন পত্র-পত্রিকায় ছাপা হয়েছে, অন্যান্য কবির অনূদিত বিভিন্ন কবিতার সংকলনেও স্থান পেয়েছে। তবে সবগুলো কবিতা গ্রন্থাকারে লিপিবদ্ধ হয়েছে কিনা তা সঠিকভাবে বলা যায় না। অনুবাদ কবিতার মধ্যে তাঁর নিজস্ব বৈশিষ্ট্য সুস্পষ্ট। এগুলোর মধ্যেও তাঁর প্রতিভার স্ফুরণ ঘটেছে।

তৃতীয় অধ্যায় ঃ ফররুখ কাব্যে ইসলামী পরিভাষা।

কবি ফররুখ আহমদ বাংলা কবিতার ক্ষেত্রে এক নবযুগের সৃষ্টি করেছেন। তিনি যদিও প্রাথমিক জীবনে কবি ফররুখ আহমদ বিখ্যাত মানবতাবাদী এম. এন. রায়ের অনুসারী ছিলেন; কিন্তু পরবর্তী সময়ে সম্পূর্ণ ভিন্ন আঙ্গিকে তথা ইসলামী ভাবধারার অনুসারী হয়ে যান এবং ইসলামী পরিভাষায় কাব্য রচনা শুরু করেন। এ প্রসঙ্গে বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ ও 'মাসিক মদীনা' সম্পাদক মাওলানা মহিউদ্দীন খান লিখেছেন - " কবি ফররুখ আহমদের চিন্তার জগতে বিপ্লব এসেছিল প্রাজ্ঞ সাধকপুরুষ অধ্যাপক আব্দুল খালেকের সান্নিধ্যে এসে। কবি অনেকবার অনেকভাবে সে কাহিনী আমাদের বলেছেন। 'সিরাজুস সালেকীন' ও 'সাইয়েদুল মুরসালীন' নামক দুটি কালজয়ী গ্রন্থপ্রণেতা অধ্যাপক আব্দুল খালেক নরহুন ছিলেন বাংলার মুজাদ্দেদ ফুরফুরার পীর মওলানা আবু বকর সিদ্দিকীর একজন বিশিষ্ট খলিফা। আধুনিক শিক্ষা এবং আধ্যাত্মিক তত্ত্বজ্ঞানের সমন্বয়ে এক অনুপম ব্যক্তিত্ব ছিলেন তিনি – অনুসন্ধিৎসু মন মাত্রই যাঁদের প্রতি এক অদৃশ্য আকর্ষণে আকৃষ্ট হয়ে থাকে।

কবির নিজের মুখে শোনা। তাঁর কবিখ্যাতি তখন বেশ ছড়িয়ে পড়েছে। মানবতাবাদী এম.এন. রায়ের চিন্তাধারার প্রতি তিনি দারুণভাবে আকৃষ্ট। ফিনফিনে ধুতি-পাঞ্জাবী ছিল তাঁর সাধারণ পোশাক। সুপুরুষ তরুণ কবিকে এ পোশাকে দেখে বুঝবার উপায় ছিল না যে, তিনি মুসলিম ঘরের সন্তান। খান্দানী ধার্মিক পরিবারের পরিবেশে তাঁর এ বেশ-ভূষা এবং চালচলন ছির মুরুব্বীদের জন্য ক্ষোভের বিষয়। এ সময়ই নাকি কবি একদিন কি এক কাজে দেখা করতে গিয়েছিলেন অধ্যাপক আব্দুল খালেক সাহেবের কলকাতার বাসায়। প্রথম সাক্ষাৎ এবং প্রাথমিক কিছু আলাপ-আলোচনার পর থেকেই তাঁর মনোরাজ্যে শুরু হলো এক নতুন বিপ্লব।

অধ্যাপক আব্দুল খালেকের কাছে তিনি আনুষ্ঠানিকভাবে মুরীদ হয়েছিলেন কিনা জানি না। তবে অধ্যাপক সাহেব, তাঁর পীর ফুরফুরার মাওলানা আবু বকর সিদ্দিকী এবং সিলসিলার উর্ধ্বতন পুরুষ হযরত সৈয়দ আহমদ শহীদের প্রসঙ্গ উঠলে কবি যেন অনেকটা আবেগতাড়িত হয়ে পড়তেন। বিশেষত সমঝদার কোন শ্রোতা পেলে তিনি কিছুক্ষণের জন্যে হলেও আধ্যাত্মিকতার আবে-কাউসারে ডুবে যেতেন। কবির এ প্রসঙ্গের অনেক আবেগময় আলোচনার আমি ছিলাম একজন উৎসাহী শ্রোতা। সৈয়দ আহমদ শহীদ ও তাঁর মুজাহিদ আন্দোলনের প্রতি আমার আবেগময় শ্রদ্ধা এবং কুরআন-হাদীসের একজন ছাত্র বলেই বোধ হয়, তিনি তাঁর অন্তরের মরমী অনুভূতি উজাড় করে দিতেন আমার মতো শ্রোতার সামনে।" [স্বপ্নরাজ্যে দুঃসাহসী সিন্দাবাদ, ফররুখ আহমদ: ব্যক্তি ও কবি]।

Dhaka University Institutional Repository

প্রথম পরিচ্ছেদ - ইসলামী পরিভাষা বলতে যা বুঝায়।

ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা হিসেবে সর্বজন বিদিত। ইসলামের যেমন রয়েছে নিজস্ব স্বকীয়তা তেমনি রয়েছে নিজস্ব পরিভাষা। ইসলামী পরিভাষা মূলত ইসলাম কেন্দ্রিক তথা ইসলামের নিজস্ব আইন-কানুন বা আদেশ-নিষেধ সংক্রান্ত বিষয়ের সুনির্দিষ্ট শাব্দিক প্রকাশ। এসব শব্দ মূলত ইসলামী শরিয়তের চারটি ভিত্তি তথা ১. কোরআন ২. সুন্নাহ ৩. ইজমা ও ৪.কিয়াস থেকে সংকলিত হয়ে থাকে। যেমন - যাকাত, হাজ্জ, ঈমান, ওজু, গোসল, তাকবীর, ইহরাম, ফরজ, ওয়াজিব ইত্যাদি। তাছাড়া, মুসলিম সংখ্যাগরিষ্ঠ জনগণের ধর্মীয় অনুশাসন সংক্রান্ত ভিন্ন ভাষার শব্দও ইসলামী পরিভাষা হিসেবে পরিগণিত হয়ে থাকে। যেমন- নামাজ, রোজা, গুরুস্থান, পাঞ্জেগানা ইত্যাদি। মূলত ইসলামের বিধানের সাথে সামঞ্জস্যপূর্ণ ও মুসলীম জনগোষ্ঠীর ধর্মানুভূতির সাথে সঙ্গতি আছে এমন প্রতিটি শব্দই ইসলামী পরিভাষা হিসেবে পরিগণিত। তবে ইসলামের পাদপীঠ যেহেতু আরব, তাই স্বাভাবিকভাবেই অধিকাংশ বা প্রায় প্রতিটি আরবী শব্দই ইসলামী পরিভাষা হিসেবে গণ্য।

দ্বিতীয় পরিচ্ছেদ - সাতসাগরের মাঝির আলোকে।

ফররুখ আহমদের সর্বপ্রথম প্রকাশিত ও আলোড়ন সৃষ্টিকারী কাব্যগ্রন্থ 'সাত সাগরের মাঝি'। এটি তাঁর সর্বাধিক আলোচিত ও সর্বাধিক জনপ্রিয় গ্রন্থও বটে। ১৯৪৪ সনে এটি প্রথম প্রকাশিত হওয়ার সঙ্গে সঙ্গে কাব্যামোদী মহলে বিপুল সাড়া পড়ে যায়। কবি হিসাবে তাঁর খ্যাতি ও প্রতিষ্ঠাও নিশ্চিত হয়। 'সাত সাগরের মাঝি' কবি হিসাবে ফররুখ আহমদের বৈশিষ্ট্য ও স্বাতন্ত্র্যকে সুস্পষ্ট করে তোলে। এটি ফররুখ আহমদের শ্রেষ্ঠ কাব্যগ্রন্থ হিসেবে যেমন পরিচিত তেমনি বাংলা সাহিত্যেরও অন্যতম উল্লেখযোগ্য সংযোজন হিসেবে বিবেচিত হয়ে থাকে। প্রথম সংস্করণের প্রকাশক কবি বেনজীর আহমদ তাঁর ভূমিকায় উল্লেখ করেছেন:

" সারা পৃথিবী যখন ধ্বংস ও মৃত্যুর পথে আগাইয়া চলিয়াছে, বিশেষ করিয়া এই সোনার আমরা সোনার চাঁদের, সোনার ধানের অতি প্রাচুর্যে যখন নিত্য স্বর্গ যাত্রার ভীড় লাগাইয়া রাখিয়াছি এবং সর্বোপরি এই কোটিপৌতিক দুলভতার দিনে হঠাৎ পুস্তক প্রকাশ- বিশেষ করিয়া কাব্যপুস্তক প্রকাশের এই উৎকট বিলাসিতা কেন- সে প্রশ্ন স্বতঃই জাগা স্বাভাবিক। ইহার উত্তরে সবিনয়ে আমরা শুধু এই কথাই বলিব রাতের অন্ধকারতম অংশই অদূরাগত ভুবে-ছাদিকের নকিব এবং এই সময়েই মোয়াজ্জিনের কণ্ঠস্বরে উষার আযানের তকবির ধ্বনি জাগার প্রয়োজন সবচেয়ে বেশী। মহাকবি ইকবালের ভাষায় বলিতে গেলে আমাদের অধিকাংশ কাব্যই মৃত্যুর বন্দনাগীতি ছাড়া আর কিছু নয়। তাই তাঁহারই ভাষায় বলিতে চাই ঃ ওগো বন্ধু! ঐদি তোমার তহবিলে কাব্যের তন্‌খা থাকিয়া থাকে মৃত্যুহীন জীবনের পরমা পারে তাহাকে ছোঁয়াইয়া নাও। পরিচ্ছন্ন দৃষ্টিচিন্তাধারাই কর্মপথের সন্ধানী দূত যেমন বজ্রবর্ষণের পূর্বে আসে বিজুলি চমক। ফররুখ আহমদের কাব্যে সেই উষার আযানের সুর, জীবনদায়িনী পরশ আর বজ্রগর্ভ বিজলীর জ্যোতির্জ্বালা আছে বলিয়াই আমাদের বিশ্বাস। সেই জন্যই তাঁহার এই কাব্য প্রকাশে আমাদের এই দুরূহ প্রয়াস। এই পুস্তকের সংশোধন ব্যাপারে আমাদের সাহিত্যিক বন্ধু অদ্বৈত মল্লবর্মণ প্রভূত সাহায্য করিয়াছে। সেজন্য তাঁহার নিকট আমাদের আন্তরিক কৃতজ্ঞতা। কলকাতা গভর্নমেন্ট আর্ট স্কুলের অধ্যাপক বিখ্যাত রেখাশিল্পী মিঃ জয়নুল আবেদীন এই পুস্তকের প্রচ্ছদটি আঁকিয়া দিয়াছেন। তাঁহার খেদমতে আমাদের অসংখ্য শুকরিয়া।"

কবির দেয়া সময়পঞ্জী অনুযায়ী 'সাত সাগরের মাঝি' কাব্য রচিত হয়েছিল ১৯৪৩-৪৪ সনে। ১৯৪৪ সনে প্রকাশিত হবার পর এটি তাঁকে খ্যাতির শীর্ষে আসন করে দিল। উৎসর্গ-পত্রের সনেটটি বাদে চারটি সনেটসহ মোট উনিশটি কবিতা এ কাব্যে অর্ন্তভূক্ত হয়। এ সম্পর্কে বিশিষ্ট কবি, সাংবাদিক ও সমালোচক মোহাম্মদ মাহফুজউল্লাহ উল্লেখ করেন :

Dhaka University Institutional Repository

"দেশবিভাগের আগে পাকিস্তান-আন্দোলনের সময়ে রেনেসাঁ আন্দোলনের পটভূমিতেই এই কবিতাগুলোর জন্ম। তাঁর লেখায়– বিশেষ করে সনেট কবিতায় উপজীব্য ও রীতিভঙ্গী এবং ভাষা ব্যবহারের দিক থেকে ছিল অনেকটা ভিন্ন রীতির অনুসরণ। 'সাত সাগরের মাঝি' কবিতায় ও ঐ সময়ে অন্যান্য রচনায় আশ্চর্য পরিবর্তন লক্ষ্য করা যায়। 'সাত সাগরের মাঝি' কবিতাটি প্রকাশিত হয় ১৩৫০ সালের বৈশাখ সংখ্যা মাসিক 'মোহাম্মদী' পত্রিকায়। কবিতাটি পত্রিকার শুরুতেই মুদ্রিত হয়েছিল। ফররুখ আহমদের ঐসব কবিতা সঙ্গে সঙ্গেই তাঁকে একজন শক্তিমান ও স্বতন্ত্র কবি হিসেবে চিনিয়ে দেয়।" [অন্তরঙ্গ আলাপন, ফররুখ আহমদ ঃ ব্যক্তি ও কবি]

ভূমিকা পাঠে জানা যায়, 'সাত সাগরের মাঝি'র প্রচ্ছদ এঁকেছিলেন প্রখ্যাত শিল্পী তথা শিল্পাচার্য জয়নুল আবেদীন। এ কাব্যের অন্তর্ভূক্ত কবিতাগুলোর প্রথম প্রকাশকাল ও কোন পত্রিকায় তা প্রকাশিত হয় সে সম্পর্কে নিচে একটি তালিকা প্রদত্ত হলো। তালিকাটি মোহাম্মদ মাহফুজউল্লাহ ও আব্দুল মান্নান সৈয়দ সম্পাদিত 'ফররুখ রচনাবলী'(১৯৭৯) থেকে সংগৃহীত ঃ

"সিন্দবাদ ঃ সওগাত, পৌষ, ১৩৫০
বা'র দরিয়ায় ঃ সওগাত, মাঘ, ১৩৫০
দরিয়ায় শেষ রাত্রি ঃ মাসিক মোহাম্মদী, মাঘ, ১৩৫০
কাহরিয়ার ঃ মাসিক মোহাম্মদী, ফাল্গুন, ১৩৫০
আকাশ-নাবিক ঃ সওগাত, আশ্বিন, ১৩৫১ [মূল নাম ঃ ঈদের স্বপ্ন]
বন্দরে-সন্ধ্যা ঃ মাসিক মোহাম্মদী [প্রকাশকাল উল্লেখ নেই]
ঝরোকায় ঃ মাসিক মোহাম্মদী, জৈষ্ঠ্য, ১৩৫১
ডাহুক ঃ সওগাত, কার্তিক, ১৩৫১
এইসব রাত্রি ঃ মাসিক মোহাম্মদী [প্রকাশকাল উল্লেখ নেই]
পুরনো মাজারে ঃ মাসিক মোহাম্মদী, আষাঢ়, ১৩৫১
পাঞ্জেরী ঃ মাসিক মোহাম্মদী [প্রকাশকাল উল্লেখ নেই]
স্বর্ণ-ঈগল ঃ মাসিক মোহাম্মদী, আষাঢ়, ১৩৫১
লাশ ঃ মাসিক মোহাম্মদী, ১৩৫০
তুফান ঃ মাসিক মোহাম্মদী, আষাঢ়, ১৩৫১
হে নিশানবাহী ঃ মাসিক মোহাম্মদী, চৈত্র, ১৩৪৯
নিশান ঃ মাসিক মোহাম্মদী, আশ্বিন, ১৩৫১
নিশান বরদার ঃ মাসিক মোহাম্মদী [প্রকাশকাল উল্লেখ নেই]
আউলাদ ঃ মাসিক মোহাম্মদী, ভাদ্র, ১৩৫০
সাত সাগরের মাঝি ঃ মাসিক মোহাম্মদী, বৈশাখ, ১৩৫০

উপরোক্ত তালিকা থেকে জানা যায়, 'সাত সাগরের মাঝি'র অন্তর্ভূক্ত সবগুলো কবিতাই ' মাসিক মোহাম্মদী' ও 'সওগাত' এ দুটি পত্রিকায় বাংলা ১৩৫০-১৩৫১ সনের (১৯৪৩-১৯৪৪) মধ্যে প্রথম প্রকাশিত হয়। ঐ সময় উপরোক্ত কবিতাগুলো পত্রিকায় প্রকাশের সাথে সাথে বাঙালি পাঠক সমাজে তুমুল আলোড়ন সৃষ্টি হয়। বিশেষত মুসলীম কবি-সাহিত্যিক ও সুধি-সমাজ বিশেষভাবে উল্লসিত হয়ে উঠেন। ঐ সময় প্রকাশিত ফররুখ আহমদের কবিতায় যে স্বাতন্ত্র, নতুনত্ব ও বৈশিষ্ট্যের পরিচয় ফুটে উঠে তা সচেতন পাঠক সমাজকে অত্যন্ত আনন্দিত করে। সম-সাময়িকালের বিশিষ্ট সমালোচক ও সাংবাদিক মুজীবুর রহমান খাঁ তাঁর এক প্রবন্ধে বলেন ঃ " ফররুখ আহমদের সাম্প্রতিক কবিতার মধ্যে 'সাত সাগরের মাঝি' নামক কবিতাটি সম্বন্ধে অনেক কথাই বলা যায়। এ কবিতায় আদ্যন্ত আমাদের জাতীয় তনুদ্দুনের ছাপে মর্যাদাবান হয়ে উঠেছে। এটাই তাঁর সম্বন্ধে একমাত্র কথা নয়।

Dhaka University Institutional Repository

তাঁর রচনার চাতুর্য ও সূক্ষ্মতা অভিনব, 'সাত সাগরের মাঝি' পড়তে পড়তে কীটস ও প্রি-র‍্যাফেলাইট কবিদের কথা মনে পড়ে। কীটস-এর ছিল রঙের ঐশ্বর্য। মরিস সুইনবার্নে যে সুরভি-ঐশ্বর্যের কল্পচিত্র পাই, তারই কতকটা পাই এই 'সাত সাগরের মাঝি'তে।" [মুসলিম বাংলার সাহিত্য, মোহাম্মদী, ১৩৫০]

পরবর্তীকালে মুজীবুর রহমান খাঁ তাঁর অন্য আরেকটি প্রবন্ধে বলেন ঃ " সাত সাগরের মাঝি'র কবিতাগুলোর রচনাকাল ১৯৪৩-৪৪ সাল। একদিন যেমন আরব জীবনে এসেছিল জাগরণের যৌবন-জোয়ার, তেমনি ১৯৪৩-৪৪ সালে উপমহাদেশের নবজাগ্রত মুসলিম জাতির মন ও মানস আশা-আকাংখার বিচিত্র প্লাবনে হয়ে উঠেছিল ও উদ্বেলিত। সে সময় পাকিস্তান আন্দোলন চলছিল। পাকিস্তানের লক্ষ্য-ভূমিতে মুসলিম জনতাকে পৌঁছাতে হবে- তাই জাতির অন্তরে আশা-আকাংখার অন্ত ছিল না। সেই স্বপ্ন ও সাধের, আশা ও আন্দোলনের ইঙ্গিতময় প্রতীক হিসাবে ফররুখ আহমদকে আমরা তখন মুগ্ধ বিস্ময়ে বেছে নিতে পেরেছিলাম। ফররুখ আহমদের কবিতার সুন্দর ক'টি লাইন। যদিও 'সাত সাগরের মাঝি'তে প্রত্যক্ষভাবে সেই আন্দোলনের কোনো ছাপ নেই ঃ

'কত যে আঁধার পর্দা পারায়ে ভোর হলো জানি না তা।'
নারঙ্গী বনে কাঁপছে সবুজ পাতা।'

নারঙ্গী বনের কম্পমান সবুজ পাতারা যেন আমাদের আশা-ভরসার রূপ-প্রতীক হয়ে বাতাসে দুলছে, এ কথাই বারবার এ কবিতাটি পড়তে পড়তে মনে হয়।" [নারঙ্গী বনে কাঁপছে সবুজ পাতা ঃ মুজীবুর রহমান]

তৃতীয় পরিচ্ছেদ - কাফেলার আলোকে।

কবি ফররুখ আহমদ মূলত ইসলামী রেঁনেসাঁ বা ইসলামী পূণর্জাগরণের কবি হিসাবে সমধিক পরিচিত। তিনি তাঁর কবি জীবনের প্রায় পুরোটা সময়ই ইসলামকে কেন্দ্র করে বা ইসলামের আদর্শের কথা মনে রেখেই কবিতা রচনা করেছেন। তাঁর রচিত কবিতায় অসংখ্য ইসলামী পরিভাষা নিহিত রয়েছে। এসব কবিতার মধ্যে কিছু কিছু প্রকাশিত হয়েছে; আবার কিছু কিছু প্রকাশিত হয়নি। কবি ফররুখ আহমদ এর জীবনকালে তাঁর মাত্র ছয়টি কাব্যগ্রন্থ প্রকাশিত হয়। কবি পরিকল্পিত আরো আটটি কাব্যগ্রন্থ প্রকাশের জন্য প্রস্তুত ছিল। কিন্তু নানা কারণে তা মুদ্রিত হয়নি। এ আটটি কাব্যগ্রন্থ নিম্নরূপঃ ' হে বন্য স্বপ্নেরা', 'ইকবালের নির্বাচিত কবিতা', 'কাফেলা', 'হাবেদা মরুর কাহিনী', 'তসবির নামা', ঐতিহাসিক-অনৈতিহাসিক কাব্য', 'সিলরুবা', ও 'অনুস্বার',। এ ছাড়াও কবির লেখা অনেক কবিতা কোনটি পা-লিপি আকারে এবং বেশীর ভাগ অগ্রন্থিতভাবে (মুদ্রিত ও অমুদ্রিত) পাওয়া যায়। যাহোক, 'কাফেলা' নামক একটি কাব্য প্রকাশের পরিকল্পনা ফররুখ আহমদ কবি-জীবনের শুরু থেকে লালিত হওয়া সত্ত্বেও কবির জীবন-কালে এটা প্রকাশিত হয়নি। কবির ইন্তেকালের ছয় বছর পর ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র, ঢাকা (ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ-এর অঙ্গ প্রতিষ্ঠান) ১৯৮০ সালে এ বইটি প্রকাশের উদ্যোগ গ্রহণ করে। ফররুখ-বিশেষজ্ঞ সুসাহিত্যিক, সাংবাদিক ও কবি মোহাম্মদ মাহফুজ উল্লাহ্‌র লেখা ভূমিকা সংবলিত এবং তাঁরই পরিকল্পনানুযায়ী কাব্যটি প্রকাশিত হয়। ফলে কবির পরিকল্পনার সাথে এর সর্বাংশে মিল থাকার কথা নয়। তাছাড়া দীর্ঘ ব্যবধানে প্রকাশিত হওয়ার ফলে কবির মূল পরিকল্পনা সঠিকভাবে জানার এবং তাঁর অবর্তমানে তা হুবহু অনুসরণ করাও সম্ভব নয়। তবে মোহাম্মদ মাহফুজউল্লাহ্‌র মত অভিজ্ঞ এবং কবির অন্যতম ঘনিষ্ঠ ব্যক্তির সযত্ন তত্ত্বাবধানের ফলে প্রকাশিত কাব্য-গ্রন্থটি যে যথাসম্ভব সর্বাঙ্গ সুন্দর হয়েছে এবং কবির মূল পরিকল্পনা অনুসরণের ক্ষেত্রে সম্পাদক যে নিষ্ঠার সঙ্গে কাজ করেছেন, তাতে সন্দেহের কোন অবকাশ নেই। মোহাম্মদ মাহফুজউল্লাহ্‌ তাঁর ভূমিকায় উল্লেখ করেছেনঃ

"ফররুখ আহমদ 'কাফেলা' নামে একটি কাব্যগ্রন্থ প্রকাশের বাসনা তাঁর মনে আ-মৃত্যু লালন করে গেছেন। এই বাসনার জন্ম হয়েছিল বিভাগ-পূর্বকালে, ফররুখ আহমদের কাব্য-সাধনার প্রায় প্রাথমিক পর্বেই। এক অর্থে 'কাফেলা' কবির প্রথম কাব্য-গ্রন্থ 'সাত সাগরের মাঝি'র সমসাময়িক ও সহযাত্রী; প্রায় একই সময়ে অর্থাৎ, বিভাগ পূর্বকালে ১৯৪২-৪৩ সালের দিকেই 'কাফেলা' ও 'সাত সাগরের মাঝি'র পা-লিপি কবি তৈরী করেন। কিন্তু

Dhaka University Institutional Repository

পরবর্তীকালে, হয়তো দ্বিতীয় চিন্তার ফলে, ফররুখ আহমদ 'কাফেলা'র পা-লিপির অন্তর্গত কিছু কবিতা নিয়ে তৈরি করেন তাঁর তৃতীয় কাব্যগ্রন্থ 'সিরাজাম মুনীরা'র পা-লিপি।...

"...ফররুখ আহমদের তৃতীয় কাব্যগ্রন্থ 'সিরাজাম মুনীরা' প্রথম প্রকাশিত হয় ১৯৫২ সালে। এই কাব্যগন্থের অন্তর্ভূক্ত কবিতাবলীও রচিত হয় বিভাগ-পূর্বকালে ১৯৪৩-৪৪ সালে। কবির 'পা-লিপি'তে দেখা গেছে, তিনি 'কাফেলা' নামে যে গ্রন্থের সূচীপত্র তৈরী করেছিলেন তাতে 'সিরাজাম মুনীরা'র অনেক কবিতা অর্ন্তভূক্ত ছিল। যেমন : ১. কমলিওয়ালা, ২. সিরাজাম মুনীরা, ৩. ১ম খলিফা, ৪. ২য় খলিফা, ৫. ৩য় খলিফা, ৬. ৪র্থ খলিফা, ৭. হযরত বেলাল, ৮. আওলাদ, ৯. কাফেলা, ১০. আখরোট বনে, ১১. ইশারা, ১২. সনেট।

উপরোক্ত তালিকার অন্তর্গত 'আওলাদ', 'আখরোট বনে' ইত্যাদি কবিতা 'সাত সাগরের মাঝি'র অন্তর্ভূক্ত হয়। 'সাত সাগরের মাঝি' ফররুখ আহমদের প্রথম কাব্যগ্রন্থ -প্রকাশিত হয় কলকাতা থেকে ১৯৪৪ সালে, বাংলা ১৩৫১ সালে। এই কাব্যগ্রন্থের অন্তর্গত কবিতাগুচ্ছের রচনাকাল ১৯৪৩-৪৪। কলকতার নওরোজ পাবলিশিং হাউজ থেকে ফররুখ আহমদের 'কাফেলা', 'ঘুঘু-সংবাদ' প্রভৃতি কাব্যগ্রন্থ প্রকাশিত হবে বলে বিজ্ঞাপিতও হয়েছিল।...

"ফররুখ আহমদের 'কাফেলা'র রচনা ও প্রকাশনা সম্পর্কে উপরোক্ত পটভূমি জানা দরকার, কেননা বর্তমান গ্রন্থে যে সব কবিতা স্থান পেয়েছে, সেগুলো বিভাগ-পূর্ব এবং বিভাগ-পরবর্তীকালের রচনা। উল্লেখ্য, ফররুখ আহমদ তাঁর জীবদ্দশায়ই বর্তমান কাব্যগ্রন্থের পা-লিপি তৈরি করেন এবং এতে ১৯৪৩-৫৮ সালের মধ্যবর্তী সময়ে রচিত কবিতাবলী স্থান লেন।... কবি-নির্মিত 'কাফেলা'র পা-লিপিই এই গ্রন্থে অনুসৃত হয়েছে, তবে বোধগম্য কারণেই পরিবর্তিত পরিস্থিতিতে এই পা-লিপি থেকে ৪টি কবিতা বাদ দেয়া হয়েছে।" [কাফেলা প্রসঙ্গে (কাফেলা কাব্যের ভূমিকা/মোহম্মদ মাহফুজউল্লাহ্)]

'কাফেলা' সম্পর্কে যেটুকু সংবাদ মোহাম্মদ মাহফুজউল্লাহ্ পরিবেশন করেছেন তার চেয়ে অধিক নির্ভরযোগ্য কোন তথ্য পাওয়া যায় না। মোহাম্মদ মাহফুজউল্লাহ রচিত ভূমিকা-সংবলিত এবং ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক ১৯৮০ সনে প্রকাশিত 'কাফেলা' কাব্যে সর্বমোট ৩৩টি কবিতা অন্তর্ভূক্ত হয়েছে। কবিতাগুলো হলো : কাফেলা, কাফেলা ও মনজিল, তারেকের পথে, মদীনার মুসাফির, খলিফাতুল মুসলেমিন, এজিদের ছুরি, বেলাল, আলমগীর, কোন বিয়াবানে?, নতুন সফর, নতুন মিনার, চতুর্দশপদী, দুই মৃত্যু, হে আত্মবিস্মৃত সূর্য, জাগো সূর্য প্রদীপ্ত গৌরবে, বৈশাখ, ঝড়, বর্ষায় পদ্মা, আরিচা পারঘাটে, দ্বীপ নির্মাণ, সৃষ্টির গান, স্বর্ণ ঈগল, ইনকিলাব, কিসসাখানির বাজার, পুঁথির কাহিনী অবলম্বনে, ঈদের স্বপ্ন, ঈদের কবিতা, নয়া সড়ক, শেরেবাংলার মাজারে, শিকল, বিরান সড়কের গান, ইবলিশ ও বনি আদম।

মোহাম্মদ মাহফুজউল্লাহ্ বিষয়বস্তুর বিবেচনায় 'কাফেলা' কাব্যের অন্তর্গত কবিতাবলীকে প্রধানত দুই শ্রেণীতে ভাগ করেছেন। তা হলো :

(১) মুসলিম ইতিহাস-পুরান, ইসলামী আদর্শ ও ঐতিহ্যভিত্তিক কবিতা এবং

(২) স্বদেশের প্রকৃতিক পরিবেশ, নৈসর্গিক সৌন্দর্য-মহিমা, মাটি ও মানুষকেন্দ্রিক কবিতা।

এ সম্পর্কে মোহাম্মদ মাহফুজউল্লাহ্ তাঁর ভূমিকায় বলেন ঃ "....ফররুখ আহমদের কবিতার যে স্বাতন্ত্র ও বৈশিষ্ট্য, আদর্শ-আশ্রিত প্রতিভাসে বক্তব্য বিষয় ফুটিয়ে তোলা, রূপক ও প্রতীকের ব্যবহার; তা 'কাফেলা'র অন্তর্গত কবিতাবলীতেও দৃষ্টিগ্রাহ্য, অনুভবযোগ্য। মধ্যপ্রাচ্য তথা আরব জাহানের পটভূমিতে রচিত কবিতাবলীতে যেমন, তেমনি বাংলাদেশের পটভূমিতে রচিত কবিতাবলীতেও এ ব্যাপারটি লক্ষ্য ও অনুভবকরা যাবে। এ -গ্রন্থের অন্তর্গত নদী-নিসর্গ, বাংলাদেশের প্রাকৃতিক পরিবেশ প্রতীক-রূপেই ফররুখ আহমদের দৃষ্টিতে ধরা দিয়েছে এবং তিনি আদর্শ-আশ্রিত প্রতিভাসেই তা রূপায়িত করেছেন।" [কাফেলা প্রসঙ্গে (কাফেলা কাব্যের ভূমিকা/মোহম্মদ মাহফুজউল্লাহ্)]

Dhaka University Institutional Repository

'কাফেলা'য় কবির কাব্য-কুশলতার পরিচয় যেমন বিধৃত তেমনি এতে কবি-মানসের বিবর্তন সুস্পষ্ট। কবির জীবন-দৃষ্টি, ভাব ও অনুভূতির ক্ষেত্রে যে উত্তরণ ঘটেছে তা এক সুনির্দিষ্ট পরিণতির দিকে অগ্রসর হয়েছে তা 'কাফেলা' কাব্য পাঠে উপলব্ধি করতে কষ্ট হয় না। অবশ্য তার আকস্মিক সুপরিণতি আমাদের প্রত্যাশাকে চমৎকৃত করে। কাব্যের অন্তর্ভুক্ত প্রথম কবিতাটির নামানুসারেই কাব্যটির নামকরণ করার পরিকল্পনা কবির ছিল। এ নামটির মধ্যে একটি প্রতীকী কল্পনার দ্যোতনা বিদ্যমান। প্রকৃতি, মানবিক স্বপ্ন-কল্পনা ও আদর্শ-ঐতিহ্যের প্রত্যয়-দৃঢ় দ্যোতনার এক অপূর্ব সমন্বয় এবং রূপক প্রতীকের ব্যবহার, শব্দের অনায়াস কারুকাজ এ কাব্যের শরীরে এক দীপ্তিময় লাবণ্য ছড়িয়ে দিয়েছে। আবেগের সাথে কবির অভিজ্ঞতা ও চৈতন্য মিলিত হয়ে এ কাব্যের সম্ভাবনাকে অবারিত করেছে। একদিকে স্বকীয় ইতিহাস-ঐতিহ্যের সুগভীর চেতনা, অন্যদিকে স্বদেশের মাটি, মানুষ ও প্রকৃতির সাথে কবির গভীর আবেগময় সম্পর্কের দ্যোতনা এ কাব্যে সুস্পষ্ট অভিব্যক্তি লাভ করেছে। তবে এ ক্ষেত্রে ইতিহাস-ঐতিহ্য তথা ইসলামের ইতিহাস নির্ভর বেশ কিছু কবিতা এ কাব্যে স্থান পাওয়ায় কাব্যটিতে ইসলামী পরিভাষার ব্যাপক ব্যবহার পরিলক্ষিত হয়।

ফররুখ আহমদ ঐতিহ্য-চেতনাসম্পন্ন ইসলামী পুনর্জাগরণের কবি হিসাবে সমধিক পরিচিত। এ কাব্যের অধিকাংশ কবিতার মধ্যেই সে পরিচয় সুস্পষ্ট। কবিতার ভাব ও বক্তব্য বিষয়কে সম্যক ফুটিয়ে তোলার জন্য কবি বাংলার পলিমাটি ছাড়িয়ে গেছেন দূর মরুভূমির উষর প্রান্তরে-জাজিরাতুল আরবে। ভৌগোলিক দিক থেকে এটা যেমন পৃথিবীর কেন্দ্রভূমি, মানব-সভ্যতা তথা আদি মানবের বাসস্থান হিসাবেও এ স্থানকেই চিহ্নিত করা হয়। মানব-সৃষ্টির সেই সূচনা-লগ্ন থেকে সৃষ্টির অবিশ্রান্ত প্রবাহ চলে আসছে অনাদী-কাল থেকে অনন্তের পথে। পৃথিবীর রঙ্গমঞ্চে আমরা প্রত্যেকেই ক্ষণিকের পথিক তথা যাযাবর। সৃষ্টির এ ক্ষান্তিহীন কাফেলায় আমরাও শরীক হয়েছি। কাফেলার এ প্রতীকী কল্পনার সাথে মরুচারী বেদুঈনের যে নিকট সাদৃশ্য রয়েছে; মুখ্যত সে কারণেই কবি নিজেও কল্পনার তাজী ঘোড়ায় চড়ে মরু-বিহার করেছেন, মরুভূমির দিগন্তপ্রসারী আবহের মাঝে কবি-কল্পনার সীমাহীন বিস্তার ঘটিয়েছেন।

'কাফেলা' শব্দটি এখানে প্রতীক হিসেবে ব্যবহৃত হয়েছে। এ এক অন্তহীন যাত্রা। সৃষ্টির আদিম প্রহর থেকে এ যাত্রা শুরু হয়েছে। প্রথম মানুষ হযরত আদম (আঃ) পৃথিবীর বুকে যে পদচিহ্ন অংকন করে গেছেন, যুগ-যুগান্তর ধরে অসংখ্য বনি আদম সেই পদাঙ্ক অনুসরণ করে পৃথিবীর বলয়-রেখা অতিক্রম করে চলেছে। এক দল মানুষ এসে কিছু জনপদ, শহর-নগর ও সভ্যতার প্রকার নির্মাণ করেছে, কিছুদিন পর তারা বিদায় নিয়ে যবনিকার অন্তরালে চলে গেছে - নতুন আরেক দল মানুষ এসে তাদের স্থান দখল করেছে। এ অনন্ত যাত্রা-প্রবাহ চলেছে ক্ষান্তিহীনভাবে। আমরাও এ কাফেলার কোন এক পর্যায়ে অবস্থান করছি। এ কাফেলার গতিকে এগিয়ে নিয়ে যাবার ক্ষেত্রে, এর যাত্রাকে অবারিত রাখতে আমরা যেমন সহায়ক আবার তেমনি এ কাফেলার সাথে চলতে চলতে আমরা নিজ- নিজ পদচিহ্ন ও কীর্তিরাজিতে পৃথিবীর সভ্যতার ভা-ারকে পূর্ণ করে চলেছি।

মূলত সৃষ্টির সূচনা-লগ্নে মধ্যপ্রাচ্য তথা মধ্যপ্রাচ্যের একটি বিশেষ এলাকাই ছিল মানুষের প্রথম লালন-ক্ষেত্র। প্রথম মানুষ হযরত আদম ও হাওয়া (আঃ) এখানেই অবতীর্ণ হয়েছিলেন বা মিলিত হয়েছিলেন। তারপর অসংখ্য নবী-রাসুলের অধিকাংশই এ জনপদের অধিবাসী ছিলেন। পৃথিবীর প্রাচীন ও সমৃদ্ধ সভ্যতার বিকাশও এ এলাকাতেই হয়েছিল। ইতিহাসের সে নস্টালজিক অনুভূতি কবির মনকে একান্তভাবে আচ্ছন্ন করে রেখেছে।

কবি-মনের এ নস্টালজিক অনুভূতি এ কাব্যের দ্বিতীয় কবিতা 'কাফেলা ও মনযিল'-এ এসে এক স্পষ্ট জীবনদৃষ্টি ফুটিয়ে তোলে। তাছড়া এ কবিতায় ইসলামী পরিভাষার এক অপূর্ব ব্যবহার পরিলক্ষিত হয়।

কবি বলেন-

" কাফেলার পদধ্বনি মুছে যায়, নামে অন্ধকার,
মুসাফির দল তবু চলে সেই দীর্ঘ পথ চিনে;
দিগন্তে উজ্জ্বল হয়ে ফুটে ওঠে দৃষ্টি সেতারার।"

Dhaka University Institutional Repository

'কাফেলা'র চতুর্থ কবিতা 'মদীনার মুসাফির'। এ কবিতাটির বিষয়বস্তু হলো মদীনা মনওয়ারা। মহানবী (সাঃ) এর হিজরতের আগে এর নাম ছিল 'ইয়াসরিব'। মহানবী (সাঃ) যখন এখানে হিজরত করলেন, তখন মদীনাবাসী সবাই মিলে এর নাম দিলেন 'মদীনাতুর রসুল' অর্থাৎ রসুলের শহর। এখানেই তিনি বিখ্যাত 'মসজিদে নববী' প্রতিষ্ঠা করেন এবং এ পবিত্র শহরকে কেন্দ্র করেই দ্বীন ইসলামের দাওয়াত দিতে থাকেন। ইসলামের প্রথম পূর্ণাঙ্গ ও সর্বাঙ্গ সুন্দর সামাজিক ও রাষ্ট্রীয় কাঠামোর ভিত্তি এখানেই মহানবী (সাঃ) এর হাতে সংস্থাপিত হয়। তাঁর সর্বোত্তম ও সর্বোৎকৃষ্ট মহৎ ব্যক্তিত্বের আলোক-রশ্মিতে স্নাত হয়ে যেসব ব্যক্তি উন্নত জীবনের সন্ধান পেয়েছিলেন, তাঁদের মধ্যে খোলাফায়ে রাশেদীনের নাম সর্বপ্রথম উচ্চারণ করতে হয়। ঘটনাচক্রে খোলাফায়ে রাশেদীনের - অর্থাৎ ইসলামের প্রথম চার খলিফা- সকলেই ছিলেন মহানবী (সাঃ) এর মতোই মক্কা থেকে আগত মোহাজির। ইসলামের এ চার মহান ব্যক্তিত্বের পরিচয় ও গুণাবলি তথা মহানবী (সাঃ) প্রতিষ্ঠিত ইসলামী সমাজ-ব্যবস্থায় তাঁদের তুলনা-বিরল। আর এসব বিষয় তুলে ধরার ক্ষেত্রে কবি ফররুখ আহমদ তাঁর সুনিপূণ হাতে ইসলামী পরিভাষার প্রচুর সমাহার ঘটিয়েছেন। যেমন - কবি লিখেছেন-

"তোমাকে পৌঁছাতে হবে সুবহে-সাদেকের আগে মরু-মদীনায় মুক্ত দ্বারে
যেখানে স্বপ্নের মত খোর্মা - বীথিকা শুধু দুলিয়াছে রাত্রির জোয়ারে
যেখানে বহিয়া বোঝা একমনে চলিয়াছে খলিফা ওমর
যেখানে সত্যের সঙ্গী সিদ্দিক বেঁধেছে তার ঘর
যেখানে সিংহের মত ফিরছে নির্ভীক আলী হায়দর"।

এর পরবর্তী কবিতা 'খলিফাতুল মুসলেমিন' যার বিষয়গত সাদৃশ্য রয়েছে পূর্ববর্তী কবিতার সাথে। এটি এককভাবে ইসলামের দ্বিতীয় খলিফা হযরত ওমর ফারুক (রাঃ) এর সম্পর্কে রচিত। কবি ফররুখ আহমদ এ কবিতায়ও ইসলামী পরিভাষার প্রচুর ব্যবহার করেছেন। যেমন কবি লিখেছেন-

"রাত্রি গাঢ়তর হলো মদীনার শামদানে
বাতি নিভে গেছে।
কে তুমি?
মানেনা রাত্রির নির্ভয় মানা , চলিয়াছ একান্ত নির্ভয়,
কত চাঁদ জ্বলে জ্বলে খেজুর শাখা হলো ক্ষয়।"

এ কাব্যের অন্তর্গত আরেকটি কবিতার নাম 'বেলাল'। ইসলামের প্রথম মুয়াজ্জিন হযরত বেলাল (রাঃ) এর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে একবিতা রচিত। ফররুখ আহমদ এ কবিতায়ও ইসলামী পরিভাষার প্রচুর ব্যবহার করেছেন। কবিতার প্রথম কয়েকটি লাইনঃ

"তোমার পায়ের আওয়াজ শুনেছি দূর জান্নাতে সব্জা বাগে,
তোমার পায়ের আওয়াজ শুনেছি সকলের আগে, সবার আগে,
কালো চামড়ায় ঢাকা অতুলন এমন দিলতো দেখিনি আর
কাফ্রি বেলাল ! হাবসী বেলাল ! মুক্তাকী খাঁটী ঈমানদার!

মুসলীম ইতিহাস-পুরান, ইসলামী আদর্শ ও ঐতিহ্যভিত্তিক কবিতার মধ্যে এ কাব্যের অন্তর্ভূক্ত আরো যেসব কবিতার নামোল্লেখ করা যায় তা হলো : 'আলমগীর', 'কোন বিয়াবানে?' 'নতুন সফর', 'নতুন মিনার', 'চতুর্দশপদী', 'দুই মৃত্যু', 'হে আত্মবিস্মৃত সূর্য', 'জাগো সূর্য প্রদীপ্ত গৌরবে', 'স্বর্ণ ঈগল', 'ইনকিলাব' ইত্যাদি। এ সকল কবিতায় মুসলীম চরিত্র, ইসলামী আদর্শ-ঐতিহ্য ও নবজাগরণের উদ্দীপ্ত চেতনার প্রকাশ ঘটেছে। এসব কবিতায় ইসলামী পরিভাষার ব্যাপক প্রয়োগ পরিলক্ষিত হয়। কেননা, ইসলামের আদর্শ ও ঐতিহ্য ভিত্তিক এসব কবিতার মাধ্যমে কবি ফররুখ আহমদ মুসলীম জাতিকে পুনঃউজ্জীবিত করার প্রয়াশ পেয়েছেন।

Dhaka University Institutional Repository

চতুর্থ পরিচ্ছেদ - 'সিরাজাম মুনিরা'র আলোকে।

'সিরাজাম মুনীরা' কবি ফররুখ আহমদের তৃতীয় কাব্যগ্রন্থ। এটি প্রকাশিত হয় সেপ্টেম্বর, ১৯৫২ সালে। তবে গ্রন্থে রচনাকাল ১৯৪৩-১৯৪৬ বলে উল্লেখ করা হয়েছে। কবির প্রথম কাব্যগ্রন্থ 'সাত সাগরের মাঝি' ১৯৪৪ এবং দ্বিতীয় কাব্যগ্রন্থ 'আজাদ করো পাকিস্তান' ১৯৪৬ সনে প্রকাশিত হয়। ফলে এ তিনটি কাব্যের অন্তর্ভুক্ত বিভিন্ন কবিতা প্রায় একই সময়কালের লেখা বলে ধরে নেয়া যায়। তবে ১৯৪৩-৪৬ সময়কালে লেখা বিভিন্ন কবিতা নিয়ে কবি ১৯৫২ সালে যখন 'সিরাজাম মুনীরা' কাব্য প্রকাশ করেন তখন স্বভাবতই কবি সে সব কবিতায় বিস্তর সংশোধন -পরিমার্জনা করেছিলেন বলে অনুমান করা যায়। তৎকালীন পত্রিকায় প্রকাশিত তাঁর কয়েকটি কবিতা ও তাঁর স্বহস্ত লিখিত পা-লিপি দৃষ্টে এটা সুস্পষ্ট হয় যে, গ্রন্থাকারে লিপিবদ্ধ করার পূর্বে কবি এতে কী রূপ সংশোধন-পরিমার্জন করেছিলেন।

কবি 'কাফেলা' নাম দিয়ে এক সময় যে সব কবিতার শিরোনাম নিয়ে একটি সূচিপত্র তৈরি করেছিলেন তাতে 'সিরাজাম মুনীরা'র বেশ কয়েকটি কবিতা স্থান পায় (অবশ্য অধিকাংশই ভিন্ন নামে)। যেমন ঃ

১. কমলিওয়ালা ২. সিরাজাম মুনীরা ৩. ১ম খলিফা ৪. ২য় খলিফা ৫. ৩য় খলিফা ৬. ৪র্থ খলিফা ৭. হযরত বেলাল ৮. আওলাদ ৯. কাফেলা ১০. আখরোট ১১. ইশারা ১২. সনেট

কলকাতার 'নওরোজ পাবলিশিং হাউজ' থেকে ফররুখ আহমদের 'কাফেলা' , 'ঘুঘু-সংবাদ' প্রকাশিত হবে বলে বিজ্ঞাপিতও হয়েছিল। কিন্তু যে কোন কারণেই হোক, কবির সে প্রত্যাশিত 'কাফেলা' প্রকাশিত হয়নি। বহু পরে, কবির ইন্তিকালের ছয় বছর পর ১৯৮০ সালে 'কাফেলা' কাব্য প্রকাশিত হয়। ইতোমধ্যে কবি 'সিরাজাম মুনীরা' প্রকাশের পরিকল্পনা গ্রহণ করেন এবং সংগতভাবেই পরিকল্পিত 'কাফেলা' কাব্যের অন্তর্ভুক্ত প্রাসঙ্গিক কবিতাগুলো এতে স্থান লাভ করে। সম্ভবত এ কারণেই 'কাফেলা' কাব্য বিজ্ঞাপিত সময়ে প্রকাশিত হয়নি। পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশিত হবার পর স্বাধীনতা আন্দোলনের তীব্রতা বৃদ্ধি, নির্বাচন, রায়ট, দেশ-বিভাগ, কবির কলকাতা কর্মস্থল থেকে ঢাকায় আগমন ইত্যাদি অনেক গুরুত্বপূর্ণ ঘটনাও এক্ষেত্রে সম্ভাব্য কারণ হতে পারে। কবির পরীক্ষা-নিরীক্ষাধর্মী মনও এক্ষেত্রে বিশেষ ভূমিকা রেখেছে বলে ধারণা করা চলে।

১৯৫২ সালের সেপ্টেম্বরে মোট ১৯টি কবিতা নিয়ে 'সিরাজাম মুনীরা' তমদ্দুন প্রেস, ৫০ লালবাগ, ঢাকা থেকে প্রকাশিত হয়। এতে অন্তর্ভুক্ত যেসব কবিতা পূর্বে বিভিন্ন পত্রিকায় ছাপা হয় তার একটি বিবরণ নিম্নরূপঃ ১. 'সিরাজাম মুনীরা, ২. আবু বকর সিদ্দিক, ৩. উমর -দরাজ দিল, ৪. ওসমান গণি, ৫. শহীদে কারবালা, ৬. মন, ৭. এই সংগ্রাম, ৮. প্রেম-পন্থি, ৯. অশ্রুবিন্দু, ১০. গাওসুল আজম, ১১. খাজা নক্শবন্দ, ১২. সুলতানুল হিন্দ,' ১৩. মৃত্যু -সংকট, ১৪. অভিযাত্রিকের প্রার্থনা, ১৫. মুক্তধারা, ১৬. ইশারা।

কবি ফররুখ আহমদ তাঁর 'সিরাজাম মুনীরা' কাব্যটি উৎসর্গ করেন 'পরম শ্রদ্ধাভাজন আলহাজ্ব মৌলানা আব্দুল খালেক সাহেবের দস্তমুবারকে'। কবি এ মহান আধ্যাত্মিক সাধকের দ্বারা বিশেষভাবে প্রভাবিত হয়েই বামপন্থি ও ইসলাম-বিরোধী চিন্তা-চেতনা থেকে বিমুক্ত হয়ে ইসলামের চির শাশ্বত কল্যাণময় আদর্শে উদ্বুদ্ধ হয়েছিলেন। ফররুখের জীবনে এটি সর্বাধিক গুরুত্বপূর্ণ একটি ঘটনা। এর আগে ফররুখ ছিলেন এক অস্থিরচিত্ত ও তথাকথিত প্রগতিশীল যুবক। বামপন্থি চিন্তা-চেতনা ও বাম কবিদের সাথে তখন তাঁর সম্পৃক্ততা ছিল গভীর। তাঁর সে সময়কার কোন লেখায় ইসলামী ভাবধারা ও চিন্তা-চেতনার কোন প্রতিফলন লক্ষ্য করা যায় না। মাওলানা আব্দুল খালেকের উদার ও প্রজ্ঞাপূর্ণ ব্যক্তিত্বের সংস্পর্শে এসে ফররুখের জীবনে আমূল পরিবর্তন ঘটে।

'সিরাজাম মুনীরা' সম্পর্কে আলোচনা করতে গিয়ে এর রচনাকাল (১৯৪৩-৪৬) মনে রাখা আবশ্যক। তখন দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলছিল (১৯৩৯-৪৫)। যুদ্ধকালীন আতঙ্ক ও বিপর্যয় সমাজে অস্থিরতার সৃষ্টি করে। পঞ্চাশের মন্বন্তর এ আতঙ্ক ও বিপর্যয়ে নতুন মাত্রা যোগ করে। বাংলার ইতিহাসে এটা ছিল এক চরম বিপর্যয়কাল। এ সময় স্বাধীনতার আন্দোলনও তীব্রতর হয়। যুদ্ধাবস্থায় উপমহাদেশের বিশাল জনগোষ্ঠীর সমর্থন ও সহযোগিতা লাভের আশায় ব্রিটিশ রাজশক্তি যুদ্ধের পরই উপমহাদেশের স্বাধীনতা প্রদানের প্রতিশ্রুতি দেয়। এটা জননেতা বিশেষত

Dhaka University Institutional Repository

মুসলমানদের মধ্যে আশা ও আশঙ্কার দোদুল্যমান অবস্থার সৃষ্টি করে। ইতোমধ্যে ১৯৪০ সালে নিখিল ভারত 'মুসলিম লীগ' এর লাহোর অধিবেশনে গৃহীত ঐতিহাসিক 'লাহোর প্রস্তাবে' সুস্পষ্টভাবে উপমহাদেশের মুসলমানদের জন্য ইসলামের ভিত্তিতে এক স্বতন্ত্র, স্বাধীন রাষ্ট্রের দাবি জানানো হয়। কংগ্রেস তথা সমগ্র ভারতীয় হিন্দু জনগোষ্ঠী এ দাবির চরম বিরোধিতা শুরু করে। তাই মুসলমানদের জন্য তখন শুধু ভারতের স্বাধীনতাই যথেষ্ট ছিল না। ব্রিটিশ আধিপত্যের বদলে হিন্দু আধিপত্য বরদাশত করতে তারা সম্মত ছিল না। তাদের নিজেদের জন্য স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠার গুরুত্ব ছিল তাদের কাছে সর্বাধিক। এ নতুন রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য সংগ্রাম ও এ রাষ্ট্র প্রতিষ্ঠার পর মুসলমানদের জাতীয় আদর্শ ও আশা-আকাঙ্খার প্রতিভূ রূপে তা পরিগঠনই ছিল তখনকার মুসলমানদের লক্ষ্য। পৃথিবীর বিভিন্ন স্থানে মুসলমানদের স্বাধীনতা সংগ্রাম ও জাগরণের চেতনা উপমহাদেশের মুসলমানদের স্বপ্ন-কল্পনাকে আরো দুর্মর করে তোলে।

কবি ফররুখ আহমদ তাঁর কবিতার দ্বারা মুসলিম জাতিকে আরো উদ্বুদ্ধ করার প্রয়াশ পেয়েছেন। তিনি তাঁর 'সিরাজাম মুনীরা' কাব্যের মাধ্যমে মুসলমানদের ঐতিহ্যের কথা যেমন স্মরণ করিয়ে দিয়েছেন; তেমনি ইসলামী পরিভাষা ব্যবহারের মাধ্যমে বাংলা সাহিত্যে এক নতুন মাত্রার সূচনা করেছেন।

কবির আবেগময়ী ও ইসলামী পরিভাষা সমৃদ্ধ কবিতার কিছুটা নমুনা নিম্নরূপঃ

"আমাকে মাতাল করো উচ্ছল তোমার শিরাজীতে,
মরু মদীনার বক্ষে যে সুরার সুতীব্র দাহিকা
আরব-আজম ব্যাপি ছড়ায়েছ জীবনের শিখা,"

[অভিযাত্রিকের প্রার্থনা]

কবি 'সিরাজাম মুনীরা' কাব্যে ইসলামী পরিভাষা ও ইতিহাস- ঐতিহ্যের মাধ্যমে মুসলমানদের পুনঃজাগরণের প্রয়াশ পেয়েছেণ।

যেমনঃ

"মূসার পূর্ণতা তার পথপ্রান্তে,-ঈসার নিঃসীম
ধ্যানমূর্তি! দেখেছে সে জিজ্ঞাসার বেলা
খিজিরের দৃষ্টি দিয়ে; পথে যার নবী ইব্রাহিম
জ্বেলেছে তৌহিদ শিখা! যে নিঃসঙ্গ সম্পূর্ণ একেলা"

[মুক্তধারা]

এমনিভাবে কবি ফররুখ আহমদ 'সিরাজাম মুনীরা'র প্রতিটি কবিতায় ইসলামের ইতিহাস ও ঐতিহ্যের আলোচনার ক্ষেত্রে ইসলামী পরিভাষার ব্যাপক ব্যবহার করেছেন। তিনি 'সিরাজাম মুনীরা' কাব্য রচনার মাধ্যমে মুসলমান সমাজে এক নব যুগের সূচনা করেন; যাতে মুসলিম জনগোষ্ঠী নতুন করে নিজেদের ইতিহাস মনে করার অবকাশ পায়।

পঞ্চম পরিচ্ছেদঃ সার্বিক সাহিত্যের আলোকে

ফররুখ আহমদের প্রায় প্রতিটি কবিতায়ই ইসলামী পরিভাষার ব্যাপক ব্যবহার পরিলক্ষিত হয়। বিশেষকরে তিনি যখন থেকে ইসলামী পুনঃজাগরণমূলক কবিতা রচনা শুরু করেছেন তখন থেকে তাঁর কবিতায় ইসলামী পরিভাষার ব্যবহার বেড়ে যায়। তিনি বেশ কিছু অনুবাদমূলক কবিতা রচনা করেছেন, যার মধ্যে পবিত্র কুরআনের কিছু সূরাও রয়েছে। তিনি আমপাড়া এর প্রায় প্রতিটি সূরারই কাব্যানুবাদ করেছেন, যদিও এর অধিকাংশই গ্রন্থাকারে প্রকাশিত হয়নি। তবে বিভিন্ন সময়ে পত্র-পত্রিকায় তাঁর এসব অনুবাদধর্মী কবিতা প্রকাশিত হয়েছে। তিনি আরবী ছাড়াও ফার্সী ও উর্দু কবিতারও অনুবাদ করছেন। আর এসব অনুবাদধর্মী কবিতার সবগুলোতেই ইসলামী পরিভাষার ব্যাপক ব্যবহার পরিলক্ষিত হয়। কেননা, পবিত্র কুরআনের তো বটেই মুসলিম কবিদের অধিকাংশের দৃষ্টিভঙ্গী ছিল ইসলামিক চেতনা সমৃদ্ধ। আর ফররুখ আহমদ ইসলামী রেঁনেসাঁর কবি হিসেবে ইসলামী চেতনা সমৃদ্ধ কবিতাই অনুবাদের প্রয়াশ পেয়েছেন।

Dhaka University Institutional Repository

চতুর্থ অধ্যায় ঃ ফররুখ কাব্যে আরবী শব্দের প্রয়োগ।

কবি ফররুখ আহমদ বাংলা সাহিত্যে নতুন দিগন্ত উন্মোচন করেছেন। কেননা, ফররুখ আহমদই ইসলামের চেতনায় উজ্জীবিত হয়ে আরবী শব্দের ব্যাপক সমাহার ঘটিয়ে তাঁর কবিতাকে তথা বাংলা সাহিত্যকে সমৃদ্ধ করেছেন। আমরা জানি বাংলা ভাষা বিভিন্ন ভাষা থেকে শব্দ সংগ্রহ করে নিজের ভান্ডারকে সমৃদ্ধ করেছে। আর এই সমৃদ্ধ করণ মূলত দুটি প্রক্রিয়ায় সম্পন্ন হয়েছে; প্রথমতঃ মানুষের মুখে বলার দ্বারা, দ্বিতীয়তঃ লিখনীর মাধ্যমে ব্যবহারের দ্বারা। ফররুখ আহমদ বিদেশী শব্দ বিশেষকরে আরবী শব্দের ব্যাপক ব্যবহারের দ্বারা বাংলা ভাষা ও সাহিত্যকে সমৃদ্ধ করেছেন। তিনি তাঁর বিস্ময়কর কাব্য শক্তির দ্বারা আরবী শব্দকে বাংলা কবিতায় ব্যবহার করেছেন। কবি ফররুখ আহমদের কাব্যে ফররুখ আহমদের কবিতায় আরবী শব্দের প্রয়োগ ছিল অনেক বেশী। তাঁর কবিতায় আরবী শব্দের প্রয়োগের বিষয়টি নিম্নের বিবরণ থেকে স্পষ্ট বুঝা যাবে।

হে বন্য স্বপ্নেরা

মধুমতীর তীরে

১) ইশারা - ১৭শ চরণ।
২) সাকী - ১৮শ চরণ।

পথিক

১) মিনার - ১১শ চরণ।

পটভূমি

১) হাওয়া - ৫২ তম চরণ।
২) হাওয়া -৫৪ তম চরণ।
৩) হাওয়া -৫৪ তম চরণ।

পরিপ্রেক্ষিত

১) কবর - ১৮ শ চরণ।
২) কবর - ২০ শ চরণ।

জোয়ার

১) হাওয়া - ১১শ চরণ।
২) তুফান - ১২শ চরণ।
৩) সফর - ১৪শ চরণ।

নাবিক

১) ইশারা - ৭ম চরণ।

Dhaka University Institutional Repository

নৈশ কুকুরের ডাক

১) হাওয়া - ৮ম চরণ ।
২) হাওয়া - ১০ম চরণ ।

সংগতি

১) হাওয়া - ১২শ চরণ ।
২) কবর - ১২শ চরণ ।

ঘুন

১)হাওয়া - ১৪শ চরণ ।

প্রতীক

১)হাওয়া - তৃতীয় চরণ ।

বৈশাখ

১) সোয়ার - প্রথম চরণ ।
২) তুফান - ১০ম চরণ ।

জ্যৈষ্ঠ

১) নিশান - ১৪শ চরণ ।

ব্যক্তিগত

১) তাকিদ - ১৭শ চরণ ।
২) কালীন - ২৮তম চরণ ।
৩) মজলুম - ৩০তম চরণ ।
৪) জেহাদ - ৩৩তম চরণ ।
৫) কালীম - ৩৪তম চরণ ।

প্রেসম্যান

১) সাইমুম - ১২শ চরণ ।

সসাগরা

১) জমা - ৩৮তম চরণ ।
২) কবর - ৪৮তম চরণ ।

হে বন্য স্বপ্নেরা

১) খবর - ২৪তম চরণ ।
২) শয়তান - ৩৮তম চরণ ।
৩) হাওয়া - ৪২ তম চরণ ।

Dhaka University Institutional Repository

কাফেলা

কাফেলা

১) তুফান - প্রথম চরণ ।
২) হাওয়া - প্রথম চরণ ।
৩) কাফেলা - অষ্টম চরণ ।
৪) সাইমুম - ১৩শ চরণ ।
৫) কাফেলা - ১৪শ চরণ ।
৬) মঞ্জিল -১৬শ চরণ ।
৭) কাফেলা - ১৯শ চরণ ।
৮) হেরেন - ২৩ তম চরণ ।
৯) জামশিদ - ৩৩ তম চরণ ।
১০)নেকাব -৩৪ তম চরণ ।
১১) আল - বুরজ - ৩৭ তম চরণ ।
১২)জোহরা - ৩৮ তম চরণ ।
১৩)হাওয়া - ৩৯তম চরণ ।
১৪)কাফেলা - ৪০তম চরণ ।
১৫)মুসাফির - ৪১তম চরণ ।
১৬)হাওয়া - ৪৬তম চরণ ।
১৭) হেলাল -৪৮তম চরণ ।
১৮) হাওয়া - ৪৯তম চরণ ।
১৯) আজান - ৫৩তম চরণ ।
২০) কাফেলা - ৫৭তম চরণ ।
২১)মিনার - ৫৯তম চরণ ।
২২) সুরাত - ৬২তম চরণ ।
২৩) কাফেলা - ৬৯তম চরণ ।
২৪) শারাবান - ৭২তম চরণ ।
২৫) তহুরা - ৭২তম চরণ ।
২৬) সুবে- সাদেক - ৭৫তম চরণ ।
২৭) মোরাকাবা - ৭৬তম চরণ ।
২৮) জমা - ৮০তম চরণ ।
২৯) তুফান - ৯০তম চরণ ।

Dhaka University Institutional Repository

কাফেলা ও মঞ্জিল

১) মঞ্জিল - প্রথম চরণ।
২) কাফেলা - দ্বিতীয় চরণ।
৩) মঞ্জিল -তৃতীয় চরণ।
৪) কাফেলা - চতুর্থ চরণ।
৫) মঞ্জিল - পঞ্চম চরণ।
৬) কাফেলা - ৯ম চরণ।
৭) কাফেলা - ১২শ চরণ।
৮) মুসাফির - ১২শ চরণ।
৯) কাফেলা - ১৬শ চরণ।

তায়েফের পথে

১)সাইমুন - দ্বিতীয় চরণ।
২) কাফেলা - ১৪শ চরণ।
৩) তুফান - ৩৪তম চরণ।
৪) হাওয়া - ৪৭তম চরণ।
৫) খবর - ৪৭তম চরণ।
৬) কবর - ৪৮তম চরণ।

মদীনার মুসাফির

১) সুবেহ - প্রথম চরণ।
২) সাদেক - প্রথম চরণ।
৩) মদীনা - প্রথম চরণ।
৪) খলীফা - তৃতীয় চরণ।
৫) সিদ্দীক - চতুর্থ চরণ।
৬) হায়দর - পঞ্চম চরণ।
৭) কাফেলা - ষষ্ঠ চরণ।
৮) হাওয়া - অষ্টম চরণ।
৯) জেহাদ - ১১শ চরণ।
১০)কাফেলা - ১২শ চরণ।
১১)আজান - ১৫শ চরণ।
১২)কোরআন - ১৬শ চরণ।
১৩)নবী - ১৮শ চরণ।
১৪)মিনার - ১৯শ চরণ।
১৫)কাফেলা - ২৩তম চরণ।
১৬)নবী - ২৫তম চরণ।
১৭)কবর - ২৬তম চরণ।
১৮) সুবেহ - ২৭তম চরণ।
১৯)সাদেক - ২৭তম চরণ।

Dhaka University Institutional Repository

২০) হিন্দ- ২৯তম চরণ।
২১)খবর - ৩৮তম চরণ।
২২) সুবহে - ৩৯তম চরণ।
২৩) সাদেক - ৩৯তম চরণ।
২৪) মুসাফির - ৩৯তম চরণ।
২৫) কাফেলা - ৪৩তম চরণ।
২৬) ইশক - ৪৫তম চরণ।
২৭) শরাব - ৪৫তম চরণ।
২৮) হাওয়া - ৪৬তম চরণ।
২৯) জালিম - ৪৯তম চরণ।
৩০) মদীনা - ৫৩তম চরণ।
৩১)মুসাফির - ৫৩তম চরণ।
৩২) জেহাদ - ৫৪তম চরণ।
৩৩) মঞ্জিল - ৫৭তম চরণ।
৩৪) নবী - ৫৭তম চরণ।

খলিফাতুল মুসলেমিন
১) মদীনা - প্রথম চরণ।
২) জয়তুন - ১০ম চরণ।
৩) মদীনা - ২৮তম চরণ।
৪) সুরাত - ৩০তম চরণ।
৫) তাজ - ৪১তম চরণ।
৬) আমীর - ৫০তম চরণ।
৭) মুমিন - ৫০তম চরণ।
৮) মুমিন - ৫০তম চরণ।
৯) খলিফা - ৫০তম চরণ।
১০)খবর - ৫২তম চরণ।
১১)খলিফা - ৫৫তম চরণ।
১২)মুসলেমীন - ৫৫তম চরণ।
১৩)মঞ্জিল - ৬৪তম চরণ।
১৪)সাদেক - ৬৬তম চরণ।
১৫)মদীনা - ৬৬তম চরণ।

এজিদের ছুরি
১) ময়দান - চতুর্থ চরণ।
২) ইমান - অষ্টম চরণ।
৩) শহীদ - নবম চরণ।
৪) লেবাস - নবম চরণ।
৫) কোরান - ১৩শ চরণ।

Dhaka University Institutional Repository

৬) নবী - ১৪শ চরণ ।
৭) জালিম - ১৪শ চরণ ।
৮) মদীনা - ১৫শ চরণ ।
৯) খিলাফত - ১৫শ চরণ ।
১০) গোলাম - ১৬শ চরণ ।
১১)ইমাম - ১৮শ চরণ ।
১২)ইমান - ২৫তম চরণ ।
১৩)মুজাহিদ -২৫তম চরণ ।
১৪)ইশারা - ২৮তম চরণ ।
১৫) সওয়ার - ২৯তম চরণ ।
১৬)মুজাহিদ -৩১তম চরণ ।
১৭)হাওয়া -৩৫তম চরণ ।
১৮) ময়দান - ৩৭তম চরণ ।
১৯)ইমান - ৪০তম চরণ ।

বেলাল

১) জান্নাত - প্রথম চরণ ।
২) হাবসী - চতুর্থ চরণ ।
৩) মুস্তাকী - চতুর্থ চরণ ।
৪) ঈমান - চতুর্থ চরণ ।
৫) আহাদ - সপ্তম চরণ ।
৬) হাবসী - অষ্টম চরণ ।
৭) মুস্তাকী - অষ্টম চরণ ।
৮) ঈমান - অষ্টম চরণ ।
৯) আকীক - ১১শ চরণ ।
১০)হাবসী - ১২শ চরণ ।
১১)মুস্তাকী - ১২শ চরণ ।
১২)ঈমান - ১২শ চরণ ।
১৩)মুয়াজ্জিন - ১৩শ চরণ ।
১৪)সুবে - ১৪শ চরণ ।
১৫)সাদেক - ১৪শ চরণ ।
১৬)হাবসী - ১৬শ চরণ ।
১৭)ঈমান - ১৬শ চরণ ।
১৮) জান্নাত - ১৮শ চরণ ।
১৯)আজান - ১৮শ চরণ ।
২০) কুফরী - ১৯শ চরণ ।
২১)হেলাল - ১৯শ চরণ ।
২২) মিনার - ১৯শ চরণ ।
২৩) হাবসী - ২০শ চরণ ।

Dhaka University Institutional Repository

২৪) ঈমান - ২০শ চরণ।
২৫) জান্নাত - ২১শ চরণ।
২৬) জাহান্নাম - ২২শ চরণ।
২৭) সালাত - ২৩শ চরণ।
২৮) আজান - ২৩শ চরণ।
২৯) ঈমান - ২৪শ চরণ।

আলমগীর

১) তুফান - প্রথম চরণ।
২) মুনাফেক - নবম চরণ।
৩) বেদাত - দশম চরণ।
৪) তৌহিদ - ১২শ চরণ।
৫) জাহেলিয়াত - ১৩শ চরণ।
৬) কুফরী - ১৩শ চরণ।
৭) তাহজীব - ১৩শ চরণ।
৮) তমদ্দুন - ১৩শ চরণ।
৯) খবর - ১৮শ চরণ।

কোন বিয়াবানে?

১) কাফেলা - দ্বিতীয় চরণ।
২) ময়দান - সপ্তম চরণ।
৩) কাফেলা - অষ্টম চরণ।
৪) কাফেলা - ১৬শ চরণ।
৫) জুলমাত - ১৭শ চরণ।
৬) হাওয়া - ১৯শ চরণ।
৭) হেলাল -৩২তম চরণ।
৮) হাওয়া - ৩৯তম চরণ।
৯) মুয়াজ্জিন - ৪১ তম চরণ।
১০)আজান - ৪২ তম চরণ।
১১)কাফেলা - ৪৫ তম চরণ।
১২)মদীনা - ৪৬ তম চরণ।
১৩)কাফেলা - ৪৭ তম চরণ।
১৪)হায়াত - ৪৯ তম চরণ।
১৫)কাফেলা - ৫১ তম চরণ।
১৬)হাওয়া - ৫৯তম চরণ।
১৭)জেহাদ - ৬১তম চরণ।
১৮) জয়তুন - ৬৬তম চরণ।
১৯)কাফেলা - ৬৭ তম চরণ।

Dhaka University Institutional Repository

নতুন সফর

১) সফর - চতুর্থ চরণ ।
২) তুফান - অষ্টম চরণ ।
৩) সফর - নবম চরণ ।
৪) শহীদ - ২২শ চরণ ।
৫) যয়ীফ - ২৬শ চরণ ।
৬) শহীদ - ৩১তম চরণ ।
৭) সফর - ৩২তম চরণ ।
৮) জমা - ৩৫তম চরণ ।
৯) ইত্তেহাদ - ৩৬তম চরণ ।
১০)জিহাদ - ৩৭তম চরণ ।
১১)জিহাদ - ৩৮তম চরণ ।
১২)মালিক - ৪৩তম চরণ ।
১৩)আহাদ - ৪৪তম চরণ ।
১৪)হক - ৪৬তম চরণ ।
১৫)ইনসাফ - ৪৬তম চরণ ।
১৬)বনি - ৪৭তম চরণ ।
১৭)কবর - ৫০তম চরণ ।
১৮) ইযযত - ৫১তম চরণ ।
১৯)দুনিয়া - ৫২তম চরণ ।
২০) তুফান - ৫৮তম চরণ ।
২১)সফর - ৫৯তম চরণ ।

নতুন সফর

১) মিনার - প্রথম চরণ ।
২) শহীদ - দ্বিতীয় চরণ ।
৩) মজলুম - ষষ্ঠ চরণ ।
৪) মুজাহিদ - দশম চরণ ।
৫) খান্নাস - ১৯শ চরণ ।
৬) মুজাহিদ -৩১তম চরণ ।
৭) শহীদ - ৩৩তম চরণ ।
৮) শহীদ - ৩৪তম চরণ ।
৯) মিনার - ৩৫তম চরণ ।

চর্তুদশপদী

১) কাফেলা - প্রথম চরণ ।
২) হাওয়া - চতুর্থ চরণ ।
৩) কাফেলা - পঞ্চম চরণ ।
৪) মদীনা - সপ্তম চরণ ।

Dhaka University Institutional Repository

৫) নবী - সপ্তম চরণ ।
৬) নবী - সপ্তম চরণ ।
৭) মঞ্জিল - নবম চরণ ।
৮) মুসাফির - ১১শ চরণ ।
৯) কাফেলা - ১৩শ চরণ ।

দুই নৃত্য
১) কালীন - দ্বিতীয় চরণ ।
২) কালীন - পঞ্চম চরণ ।
৩) আখেরী - পঞ্চম চরণ ।
৪) জামানা - পঞ্চম চরণ ।
৫) জুলমাত - সপ্তম চরণ ।

বৈশাখ
১) নকীব - প্রথম চরণ ।
২) মুসাফির - ষষ্ঠ চরণ ।
৩) হাশর - অষ্টম চরণ ।
৪) মওত - ১৮শ চরণ ।
৫) জুলকারনাইন - ২৪শ চরণ ।
৬) জালাল - ৩৬তম চরণ ।
৭) ফকীর - ৩৬তম চরণ ।
৮) কালীন - ৩৭তম চরণ ।
৯) নকীব - ৪৭তম চরণ ।
১০)আলবিদা - ৫৩তম চরণ ।
১১)নবী - ৭১তম চরণ ।
১২)উম্মৎ - ৭১তম চরণ ।
১৩)জ্বিন - ৭২তম চরণ ।
১৪)আলম - ৮৬তম চরণ ।
১৫)মুজাহিদ - ৮৬তম চরণ ।
১৬)তকবির - ৮৬ তম চরণ ।
১৭)কুল - ৮৬ তম চরণ ।
১৮) মখলুকাত - ৮৬ তম চরণ ।
১৯)আশরাফ - ৮৯ তম চরণ ।
২০) মখলুক - ৮৯ তম চরণ ।
২১)ইনসান - ৮৯ তম চরণ ।
২২) মুমীন - ৯১ তম চরণ ।
২৩) জেহাদ - ৯২তম চরণ ।
২৪) লা - ১০৭তম চরণ ।
২৫) শরীক - ১০৭তম চরণ ।

Dhaka University Institutional Repository

২৬) জব্বার - ১০৭তম চরণ।
২৭) কাহ্হার - ১০৭তম চরণ।
২৮) জব্বার - ১১৩তম চরণ।
২৯) কাহ্হার - ১১৩তম চরণ।
৩০) রহীম - ১১৩তম চরণ।
৩১)রহমান - ১১৩তম চরণ।
৩২) ইশারা - ১১৪তম চরণ।
৩৩) রহমত - ১১৫তম চরণ।
৩৪) জান্নাত - ১১৬তম চরণ।
৩৫) শহীদ - ১১৭তম চরণ।

ঝড়

১) তুফান - ১৩শ চরণ।
২) শাহীন - ৪০তম চরণ।
৩) আলম - ৪৩তম চরণ।
